# বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের প্রাথমিক শনাক্তকরণ সহায়ক

## (স্পেশাল এডুকেটরদের জন্য স্ক্রিনিং চেকলিস্ট)

## দ্বিতীয় ভাগ

শিক্ষার অধিকার
সর্বশিক্ষা অভিযান
সবার শিক্ষা, সবার উন্নতি

শিক্ষা আনে সভ্যতা
সভ্যতা আনে মানবিকতা

# বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের প্রাথমিক শনাক্তকরণ সহায়ক

(স্পেশাল এডুকেটরদের জন্য স্ক্রিনিং চেকলিস্ট)

## দ্বিতীয় ভাগ

স্পেশাল এডুকেটররা পূরণ করবেন

## Part II

To be filled by special teachers

# PART II
# Becoming Familiar with Part II, Screening Booklet

1. Part II, Screening Booklet contains checklists of various disabilities, as per the classification in RPWD Act, 2016.

2. Separate list of characteristics based on the prominent (easily recognizable) symptoms for each disability condition in very simple language with minimum or no use of medical or technical terminology is provided.

3. It is for the use of special educator counsellor/ principal of the school.

4. It is the second step for screening of children, already screened by subject/class teachers, or any other child that needs to undergo second level screening by special educator/counsellor/ principal of school, before referral to the identification camp.

5. The booklet consists of checklists for detailed screening of various disability conditions that have been primarily and briefly screened by subject/class teachers with part 1 which was coded for confidentiality and to avoid unnecessary labelling of children.

6. Special Attention to Special Needs - Part 1 could be decoded with the help of the table given on next page.

7. Screening Booklet, Part II, provides definitions of disability conditions according to RPWD Act, 2016.

8. Each question needs to be answered as 'YES' or (✔) based on the observations.

9. Last page of Part II, Screening Booklet presents a table for consolidating the class wise data for 21 categories of disability conditions.

# দ্বিতীয়ভাগ
# দ্বিতীয় ভাগ, স্ক্রিনিং পুস্তিকার সাথে পরিচিত হওয়া

1. দ্বিতীয় ভাগ, স্ক্রিনিং পুস্তিকায় RPWD আইন, 2016-এর শ্রেণী বিভাগ অনুযায়ী বিভিন্ন প্রতিবন্ধকতার চেকলিস্ট রয়েছে।

2. মেডিকাল ও টেকনিকাল পরিভাষাগুলির খুব কম ব্যবহার বা ব্যবহার না করে অত্যন্ত সহজ ভাষায় প্রতিটি প্রতিবন্ধকতার অবস্থার জন্য বিশেষ (সহজে চেনা যায় এমন) লক্ষণগুলির উপর ভিত্তি করে বৈশিষ্ট্যগুলির পৃথক তালিকা প্রদান করা হয়েছে।

3. এটি স্কুলের স্পেশাল এডুকেটর/ কাউন্সেলর/ প্রিন্সিপালের ব্যবহারের জন্য।

4. এটি শিশুদের স্ক্রিনিং-এর দ্বিতীয় ধাপ। ইতিমধ্যেই বিষয়/ শ্রেণীর শিক্ষকদের দ্বারা প্রথম ধাপের স্ক্রিনিং-এ, যেসব শিশুদের চিহ্নিতকরণ করা হয়েছে, তাদের শনাক্তকরণ শিবিরে রেফার করার আগে স্পেশাল এডুকেটর/ কাউন্সেলর/স্কুলের অধ্যক্ষের দ্বারা দ্বিতীয় স্তরের স্ক্রিনিং করতে হবে।

5. পুস্তিকাটির এই দ্বিতীয় ভাগের স্ক্রিনিং চেকলিস্ট-এ বিভিন্ন প্রতিবন্ধকতা বিষয়ে (যেগুলি শ্রেনীশিক্ষকরা প্রাথমিক ভাবে চেকলিস্ট-১ এর সাহায্যে শনাক্তকরণ করেছেন) বিশদ বিবরণ আছে। প্রথম ধাপের স্ক্রিনিং-এ পাওয়া তথ্য সম্পর্কে গোপনীয়তা অবলম্বন করলে শিশুদের অপ্রয়োজনীয়ভাবে লেবেল করা/ বা দেগে দেওয়া থেকে সকলকে বিরত রাখা যাবে।

6. বিদ্যালয়ে শিক্ষার্থীদের মধ্যে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের প্রাথমিক শনাক্তকরণ সহায়ক স্ক্রিনিং চেকলিস্ট - প্রথম ভাগ-কে পরবর্তী পৃষ্ঠায় দেওয়া টেবিলের সাহায্যে বোঝা যেতে পারে।

7. স্ক্রিনিং পুস্তিকার, দ্বিতীয় ভাগটিতে, Rights of Persons with Disabilities (RPWD) আইন, 2016 অনুযায়ী বিভিন্ন ধরনের প্রতিবন্ধকতা নিয়ে আলোচনা করা হয়েছে।

8. পর্যবেক্ষণের ভিত্তিতে প্রতিটি প্রশ্নের উত্তর 'হ্যাঁ' বা টিক (✔) হিসাবে দিতে হবে।

9. স্ক্রিনিং পুস্তিকা দ্বিতীয় ভাগের শেষ পৃষ্ঠায়, 21 টি বিভাগের প্রতিবন্ধকতার জন্য শ্রেণীভিত্তিক তথ্য একত্রিত করতে একটি তালিকা দেওয়া হয়েছে।

## HOW TO USE
## Part II, Screening Booklet

**This part is to be filled, only after receiving the filled part-1 from subject/class teachers**

1. Part II, Screening Booklet is to be filled by the special teachers and / or experts identified by the Principal / Head Master /Head Mistress.
2. Part II, Screening Booklet should be filled for the children identified by subject/class teacher. In case some child is left unlisted by regular teacher and you as special educator feels he/she needs to be screened at preliminary stage you may include the child and fill this booklet for him/her as well.
3. Before actual use of this booklet, it is requested to become familiar with the booklet.
4. The special educator /counsellor/principal of the school is required to check the items ticked by subject/class teachers in Special Attention to Special Needs - Part 1 and decode it according to the table given below for each student.
5. Special educator will then fill the checklists of the disability categories suspected in Part 1, after observing the child for considerable time period (say for example 15 days), in different situations (inside/outside classroom, playground, canteen, meal time, assembly etc).
6. Kindly write the name and details of the students in the table on next page (for whom checklists are to be filled and remember to fill the checklist in same order or according to the serial number assigned in this table and in case of more than 5 students, kindly get relevant pages photocopied and attach with this booklet)

## স্ক্রিনিং পুস্তিকার দ্বিতীয় ভাগ কীভাবে ব্যবহার করবেন

**বিষয়/শ্রেণী শিক্ষকদের কাছ থেকে পূরণ করা স্ক্রিনিং চেকলিস্ট - প্রথম ভাগটি পাওয়ার পর এই অংশটি পূরণ করতে হবে:**

1. স্ক্রিনিং পুস্তিকাটির দ্বিতীয় ভাগ, স্পেশাল এডুকেটর এবং/ অথবা অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ প্রধান শিক্ষিকা দ্বারা নিয়োজিত বিশেষজ্ঞদের দ্বারা পূরণ করতে হবে।
2. স্ক্রিনিং পুস্তিকাটির দ্বিতীয় ভাগ, বিষয়/শ্রেণীর শিক্ষক দ্বারা চিহ্নিত শিশুদের জন্য পূরণ করতে হবে। যদি কোনো শিশুকে সাধারণ শিক্ষক তালিকাভুক্ত না করে থাকেন এবং আপনি স্পেশাল এডুকেটর হিসেবে মনে করেন যে তাকে প্রাথমিক পর্যায়ে স্ক্রিন করা দরকার, আপনি শিশুটিকে অন্তর্ভুক্ত করতে পারেন এবং তার জন্য এই পুস্তিকাটিও পূরণ করতে পারেন।
3. এই পুস্তিকাটি ব্যবহার করার আগে, পুস্তিকাটির সাথে সার্বিকভাবে পরিচিত হওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে।
4. স্ক্রিনিং চেকলিস্ট-এর প্রথম ভাগ-এ বিষয়/ শ্রেণী শিক্ষকদের দ্বারা টিক দেওয়া বিষয়গুলি স্কুলের স্পেশাল এডুকেটর/ কাউন্সেলর/ প্রিন্সিপালকে পরীক্ষা করতে হবে এবং প্রতিটি শিক্ষার্থীর জন্য নীচে দেওয়া সারণী অনুসারে এটি ডিকোড করতে হবে।
5. স্ক্রিনিং চেকলিস্ট-এর প্রথম ভাগের চেকলিস্ট ব্যবহার করে যেসব শিশুদের প্রতিবন্ধকতা আছে বলে মনে করা হয়েছিল সেইসব শিশুদের বিভিন্ন পরিস্থিতি ও পরিবেশে (শ্রেণীকক্ষের ভিতরে/বাইরে, খেলার মাঠ, ক্যান্টিন, খাওয়ার সময়, সমাবেশে ইত্যাদি) যথেষ্ট সময় (যেমন 15 দিন) নিয়ে স্পেশাল এডুকেটর পর্যবেক্ষণ করবেন। তারপরে স্ক্রিনিং চেকলিস্ট-এর প্রথম ভাগ অনুযায়ী সম্ভাব্য প্রতিবন্ধকতার কথা বিবেচনা করে দ্বিতীয় ভাগের এই চেকলিস্টটি পূরণ করবেন।
6. অনুগ্রহ করে পরবর্তী পৃষ্ঠায় টেবিলে শিক্ষার্থীদের নাম এবং বিশদ বিবরণ লিখুন (যাদের জন্য চেকলিস্টগুলি পূরণ করতে হবে এবং চেকলিস্টটি একই ক্রমে বা এই টেবিলে নির্ধারিত ক্রমিক নম্বর অনুসারে পূরণ করতে ভুলবেন না এবং 5 জন ছাত্র-ছাত্রীর বেশি হলে, অনুগ্রহ করে প্রাসঙ্গিক পৃষ্ঠাগুলি ফটোকপি করে পুরণ করুন এবং এই পুস্তিকাটির সাথে সংযুক্ত করুন)।

| প্রথম ভাগের ডিকোডিং-এর তালিকা | | |
|---|---|---|
| ক্রমিক সংখ্যা / Sl. No. | প্রশ্ন সংখ্যা (প্রথম ভাগ অনুযায়ী)/ Item No. of PART-1 | প্রতিবন্ধকতার অবস্থা/ Disability Conditions |
| | 1.1-1.3 | চলাফেরাজনিত প্রতিবন্ধকতা / হাঁটা-চলার অসুবিধা |
| | 2.1 | কুষ্ঠ রোগ সেরে ওঠা ব্যক্তি |
| | 3.1-3.3 | সেরিব্রাল পলসি |
| | 4.1-4.2 | বামনত্ব |
| | 5.1-5.2 | মাসকুলার ডিস্ট্রফি বা পেশীর অপুষ্টতা |
| | 6.1 | অ্যাসিড হামলার শিকার |
| | 7.1 | অন্ধত্ব |
| | 8.1-8.7 | ক্ষীণ দৃষ্টিশক্তি |
| | 9.1-9.5 | শ্রবণ প্রতিবন্ধকতা |
| | 10.1-10.2 | কথা বলা এবং ভাষার প্রতিবন্ধকতা |
| | 11.1-11.4 | বৌদ্ধিক প্রতিবন্ধকতা |
| | 12.1-12.10 | নির্দিষ্ট শেখার প্রতিবন্ধকতা |
| | 13.1-13.10 | অটিজম স্পেকট্রাম |
| | 14.1-14.8 | মানসিক অসুস্থতা |
| | 15.1-15.2 | একাধিক স্ক্লেরোসিস |
| | কোন প্রশ্ন অন্তর্ভুক্ত করা হয়নি কারণ এটি শিশুদের মধ্যে খুব বিরল | পারকিনসন’স রোগ |
| | 16.1 | হিমোফিলিয়া |
| | 17.1 | থ্যালাসেমিয়া |
| | 17.1 (সিকেল সেল ডিজিজ এবং থ্যালাসেমিয়া একটি প্রশ্নে একত্রিত করা হয়েছে) | সিকেল সেল রোগ |
| | 18.1 (যদি উপসর্গগুলি উপরোক্ত বিভাগগুলির একাধিক বিভাগে থাকে) | একাধিক প্রতিবন্ধকতা |
| | রাজ্য এবং কেন্দ্রীয় সরকারের অতিরিক্ত বিজ্ঞপ্তি অনুযায়ী, যদি থাকে | কেন্দ্রীয় সরকারের নোটিশ অনুযায়ী অন্য কোনো বিভাগ |

## Point to remember

* In case symptoms of any 2 or more items and/or starred (*) items are observed, then this student should be recommended for further assessment

* If starred (*) items/ behaviours are observed in the student then the special educator is requested to take immediate action. The professionals i.e. doctors, psychologists, counsellors, other authorities and the parents should be contacted without wasting time

Name of the school:

______________________________

______________________________

Special educator’s/ resource person’s name:

______________________________

______________________________

Kindly write the name and details of children for whom part 2 is being filled in the table below. In column titled “Suspected Disabilities highlighted in Part 1” mention the name of disability conditions that has been decoded on the basis of part 1 according to above given table under “Becoming Familiar with Part II, Screening Booklet” and in the column “Suspected Disability condition based on Part 2” mention the name of suspected disability condition based on Part 2

## যা মনে রাখতে হবে

যদি কোনো দুই বা ততোধিক বিষয় এবং/অথবা তারকা চিহ্নিত (*) বিষয়ের লক্ষণ দেখা যায়, তাহলে এই শিক্ষার্থীকে আরও বিশদ অ্যাসেসমেন্টের জন্য সুপারিশ করা উচিত।

যদি শিক্ষার্থীর মধ্যে তারকাচিহ্নিত (*) বিষয়/আচরণ পরিলক্ষিত হয় তাহলে স্পেশাল এডুকেটরকে অবিলম্বে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। এ ক্ষেত্রে সময় নষ্ট না করে বিভিন্ন পেশাদারদের- যেমন ডাক্তার, মনোবিজ্ঞানী, পরামর্শদাতা, অন্যান্য কর্তৃপক্ষ এবং মা বাবার সাথে সত্বর যোগাযোগ করা উচিত

স্কুলের নাম:

______________________________

______________________________

স্পেশাল এডুকেটর/ রিসোর্স ব্যক্তির নাম:

______________________________

______________________________

অনুগ্রহ করে নীচের টেবিলে যে শিশুদের জন্য স্ক্রিনিং চেকলিস্ট-এর দ্বিতীয়ভাগ (part 2) পূরণ করা হচ্ছে তাদের নাম এবং বিবরণ লিখুন। “প্রথমভাগ –এ উল্লেখিত সম্ভাব্য প্রতিবন্ধকতার ধরন” এই শিরোনামে হাইলাইট করা কলামে সেই প্রতিবন্ধকতাটির নাম লিখবেন যেটি প্রথম অংশের উপরে দেওয়া টেবিলের “দ্বিতীয় ভাগ, স্ক্রিনিং বুকলেটের সাথে পরিচিত হওয়া” অংশে অর্থাৎ ওপরে দেওয়া টেবিলের ভিত্তিতে পাওয়া গেছে, এবং “দ্বিতীয় ভাগ-এর উপর ভিত্তি করে সম্ভাব্য প্রতিবন্ধকতার ধরন”-এ সেই সম্ভাব্য প্রতিবন্ধকতাটির নাম লিখুন যেটি দ্বিতীয় ভাগ অনুযায়ী পাওয়া গেছে।

| ক্রমিক সংখ্যা / Sl. No./ | শিক্ষার্থীর নাম / Name of the Student | ক্লাস / Class | বয়স / Age | লিঙ্গ / Gender | "প্রথমভাগ -এ উল্লেখিত সম্ভাব্য প্রতিবন্ধকতার ধরন" / Suspected Disabilities in Part1 | "দ্বিতীয় ভাগ-এর উপর ভিত্তি করে সম্ভাব্য প্রতিবন্ধকতার ধরন" (দ্বিতীয় ভাগ পূরণ করার পরে লিখতে হবে)/ Suspected Disability Condition based on Part 2 (to be written after filling Part 2) |
|---|---|---|---|---|---|---|
| 1. শিক্ষার্থী/ Student (S1) | | | | | | |
| 2. শিক্ষার্থী/ Student (S2) | | | | | | |
| 3. শিক্ষার্থী/ Student (S3) | | | | | | |
| 4. শিক্ষার্থী/ Student (S4) | | | | | | |
| 5. শিক্ষার্থী/ Student (S5) | | | | | | |

## Physical Disability

Physical disability refers to disability caused due to physical deformities or amputations and is a limitation to person's physical functioning, mobility, stamina or ability to perform physical actions.

1. Locomotor disability

   Loco-motor disability means an inability of the bones, joint or muscles leading to substantial restriction of the movement of the limbs. (RPWD, 2016)

## শারীরিক প্রতিবন্ধকতা

শারীরিক প্রতিবন্ধকতা বলতে শারীরিক বিকৃতি বা অঙ্গহানির কারণে সৃষ্ট প্রতিবন্ধকতাকে বোঝায়। এর ফলে ব্যক্তির শারীরিক কার্যকারিতা, চলাফেরা, মনোবল বা শারীরিক ক্রিয়া সম্পাদনের ক্ষমতায় সীমাবদ্ধতা আসে।

1. চলাফেরাজনিত প্রতিবন্ধকতা (Locomotor Disability)

   চলাফেরাজনিত প্রতিবন্ধকতা মানে হাড়, জয়েন্ট/সন্ধি বা পেশীর অক্ষমতা যা অঙ্গ-প্রত্যঙ্গের নড়াচড়ায় যথেষ্ট সীমাবদ্ধতার সৃষ্টি করে। (RPWD, 2016)

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 1) | এই শিক্ষার্থীর কি হাঁটতে অসুবিধা হয় বা হাঁটার জন্য সহায়তার প্রয়োজন হয়?<br>Does this student has difficulty in walking or need support to walk? | | | | | |
| 2) | এই শিক্ষার্থীর কি শরীরের কোন অংশ ব্যবহার করতে /সঞ্চালন করতে অসুবিধা হয়?<br>Does this student have difficulty in using/moving any part of the body? | | | | | |
| 3) * | এই শিক্ষার্থীর শরীরের কি এমন কোনো অঙ্গ রয়েছে যা কেটে বাদ দেওয়া হয়েছে (যেমন অস্ত্রোপচারের মাধ্যমে কোনো অঙ্গ বাদ দেওয়া হয়েছে)?<br>Does this student have amputated (e.g. removal of a limb by surgical operation) body part? | | | | | |
| 4) | এই শিক্ষার্থীর কি হাঁটার সময় হঠাৎ অনিচ্ছাকৃত ঝাঁকুনি বা কাঁপুনি নিয়ে হাঁটে?<br>Does this student walk with sudden involuntary twitches or jerks? | | | | | |
| 5) * | এই শিক্ষার্থী কি হাঁটতে বা ঘোরাফেরা করতে লাঠি/ সাহায্যকারী বস্তু/ যন্ত্র /হুইল চেয়ার ব্যবহার করে?<br>Does this student use stick/aids/appliances/ wheelchair to walk or move around? | | | | | |
| 6) * | এই শিক্ষার্থীর কি ঘাড়/হাত/আঙুল/কোমর/পা/শরীরের অন্য কোন অংশে লক্ষণীয় বিকৃতি আছে?<br>Does this student have observable deformity in neck/ hands/finger/ waist/legs/any other body part? | | | | | |

## 2. LEPROSY CURED PERSONS

Leprosy cured person means a person who has been cured of leprosy but is suffering from - (i) loss of sensation in hands or feet as well as loss of sensation and paresis in the eye and eye-lid but with no manifest deformity; (ii) manifest deformity and paresis but having sufficient mobility in their hands and feet to enable them to engage in normal economic activity; (iii) extreme physical deformity as well as advanced age which prevents him/ her from undertaking any gainful occupation and the expression "leprosy cured" shall construed accordingly. (RPWD, 2016)

## 2. কুষ্ঠ নিরাময় হওয়া ব্যক্তি (LEPROSY CURED PERSONS)

কুষ্ঠরোগ নিরাময় হওয়া ব্যক্তি বলতে এমন একজন ব্যক্তিকে বোঝায় যিনি কুষ্ঠরোগ থেকে সেরে উঠেছেন কিন্তু এই রোগের ফলে কিছু সমস্যা হয়েছে, যেমন - (i) হাত বা পায়ের সংবেদন হ্রাসের পাশাপাশি চোখ এবং চোখের পাতায় সংবেদন না থাকা এবং আংশিক পক্ষাঘাত কিন্তু বাইরে থেকে বোঝা যায় না; (ii) বিকৃতি এবং আংশিক পক্ষাঘাত থাকলেও তাদের হাতে ও পায়ে যথেষ্ট সক্ষমতা রয়েছে তাই তারা স্বাভাবিক কাজকর্ম বা রোজগার করতে পারে; (iii) খুব বেশি শারীরিক বিকৃতি এবং সেই সাথে বেশি বয়স সেইজন্য কোনো লাভজনক পেশায় নিযুক্ত হতে পারেন না। RPWD, 2016 তে "কুষ্ঠনিরাময়" শব্দটি সঠিক অর্থে ব্যবহার করতে বলা হয়েছে।

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 1) | এই শিক্ষার্থীর কি ত্বকে বা শরীরের কোন অংশে বিবর্ণ প্যাচ আছে?<br>Does this student have patches of discoloured areas on the skin or any body part? | | | | | |
| 2) | এই শিক্ষার্থীর কি পেশী দুর্বলতা আছে বা সে কি পেশী/জয়েন্টে নিয়মিত ব্যথার অভিযোগ করে?<br>Does this student have muscle weakness or regularly complains about pain in muscles/joints? | | | | | |
| 3) * | এই শিক্ষার্থীর কি মুখের বিকৃতি আছে?<br>Does this student have facial disfigurement? | | | | | |
| 4) | এই শিক্ষার্থীর কি হাত, পায়ের পাতা, পা এবং হাতে অসাড়তা (কিছুই অনুভব করে না / অনুভূতির অভাব) আছে?<br>Does this student have numbness (feels nothing / lack of sensation) in hands, feet, legs and arms? | | | | | |
| 5) * | এই শিক্ষার্থীর কি আঙুল/পায়ের আঙুল নেই?<br>Does this student have missing fingers/toes? | | | | | |

Or
Is this child leprosy cured? If yes, kindly provide brief history of treatment.

বা
এই শিক্ষার্থীর কুষ্ঠরোগ কি নিরাময় হয়েছে? হয়ে থাকলে, অনুগ্রহ করে শিশুটির চিকিৎসার সংক্ষিপ্ত ইতিহাস প্রদান করুন।

## 3. CEREBRAL PALSY

Cerebral palsy (CP) means a group of non-progressive neurological condition affecting body movements and muscle coordination caused by damage to one or more specific areas of the brain, usually occurring before, during or shortly after birth. (RPWD, 2016)

## 3. সেরিব্রাল পলসি

সেরিব্রাল পলসি (CP) মানে হল অ-প্রগতিশীল স্নায়বিক অবস্থার একটি গ্রুপ যা সাধারণতঃ জন্মের আগে, জন্মের সময় বা জন্মের কিছুক্ষণ পরে মস্তিষ্কের এক বা একাধিক নির্দিষ্ট এলাকায় ক্ষতির কারণে হয় যা শরীরের নড়াচড়া এবং পেশী সমন্বয়কে প্রভাবিত করে। (RPWD, 2016)

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 1) | এই শিক্ষার্থীর কি শক্ত বা শিথিল পেশী রয়েছে এবং কোনো কাজ করার সময় তার পেশীগুলিকে নড়াচড়া করার জন্য কি তাকে বেশি চেষ্টা করতে হয়?<br><br>Does this student have stiff or floppy muscles and need to put in more effort to get their muscles moving while doing an activity? | | | | | |
| 2) | এই শিক্ষার্থীর শারীরিক নড়াচড়ায় সমন্বয় করতে এবং শারীরিক ভারসাম্য রক্ষা করতে কি অসুবিধ হয়?<br><br>Does this student have poor coordination and balance? | | | | | |
| 3) * | এই শিক্ষার্থীর শরীরে কি কাঁপুনি বা অনিচ্ছাকৃত নড়াচড়া হয়, যার জন্য তার কোনো কাজ করতে অসুবিধা হয়?<br><br>Does this student have tremors or involuntary movements which are hindering him/her from doing any activity? | | | | | |
| 4) | এই শিক্ষার্থী কি শরীরের একটি নির্দিষ্ট দিক ব্যবহার করে, যেমন এক হাত এগিয়ে দেয় বা হামাগুড়ি দেওয়ার সময় একটি পা টেনে চলে?<br><br>Does this student favour using one side of the body, such as reaching with one hand or dragging a leg while crawling? | | | | | |
| 5) | এই শিক্ষার্থীর শারীরিক নড়াচড়ায়/ হাত পা বা অঙ্গ সঞ্চালনে কি কোন সীমাবদ্ধতা আছে?<br><br>Does this student have a limited range of movement? | | | | | |
| 6) | খুব জোরে বা অপ্রত্যাশিত শব্দে অথবা হঠাৎ পরিবেশগত পরিবর্তনের কারণে এই শিক্ষার্থী কি সহজেই চমকে ওঠে?<br><br>Does this student get easily startled (distressed) with loud or unexpected sounds and sudden environmental changes? | | | | | |
| 7) * | নিম্নলিখিত বিষয়গুলির ক্ষেত্রে এই শিক্ষার্থীর কোনো অসুবিধা আছে?<br><br>(a) একটি সাধারণ চেয়ারে বসা<br><br>(b) হাঁটা<br><br>(c) লাফানো<br><br>(d) আরোহণ (উদাহরণ - সিঁড়ি দিয়ে ওঠা)<br><br>(e) সাহায্য ছাড়াই শরীর ঝোঁকানো | | | | | |

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| | Does this student have difficulty in any of the following domains?<br>(a) sitting on an ordinary chair<br>(b) walking<br>(c) jumping<br>(d) climbing<br>(e) bending without support | | | | | |
| 8) | নিম্নলিখিত বিষয়গুলির ক্ষেত্রে এই শিক্ষার্থীর কোনো অসুবিধা আছে?<br>(a) পেন্সিল/ক্রেয়ন ধরা<br>(b) কোন বস্তু/জিনিস এক জায়গা থেকে তুলে অন্য জায়গায় রাখা<br>(c) কোন জিনিস কাটা<br>(d) কোন কিছু আঠা দিয়ে আটকানো<br>Does this student have difficulty in any of the following domains?<br>(a) holding pencil/crayon<br>(b) placing objects<br>(c) cutting<br>(d) pasting | | | | | |
| 9) | এই শিক্ষার্থীর কি নিম্নোক্ত কাজগুলি নিজে নিজে করতে অসুবিধা হয়?<br>(a) টয়লেট ব্যবহার করা<br>(b) কোন জিনিস ধোয়া<br>(c) খাবার খাওয়া<br>(d) খাওয়ার সময় চামচ ব্যবহার করা<br>Does this student have difficulty in any of the following self-help skills?<br>(a) using toilet<br>(b) washing<br>(c) eating<br>(d) using spoon | | | | | |
| 10) * | এই শিক্ষার্থীর কি খাবার গিলতে/ কথা বলতে/ শ্বাস নিতে সমস্যা হয়?<br>মুখ থেকে অত্যধিক লালা পড়ে?<br>Does this student have problems in swallowing / speaking / breathing?<br>Or is there excessive drooling | | | | | |

## 4. DWARFISM

Dwarfism means a medical or genetic condition resulting in an adult height of 4 feet 10 inches (147 centimetres). (RPWD, 2016)

## 4. বামনত্ব

বামনত্ব একটি মেডিকেল বা জিনগত অবস্থা যার ফলে কোন ব্যক্তির উচ্চতা স্বাভাবিকের থেকে কম হয় অর্থাৎ যখন কোন একজন প্রাপ্তবয়স্কের উচ্চতা 4 ফুট 10 ইঞ্চি (147 সেন্টিমিটার) বা তারও কম হয়। (RPWD, 2016)

| ক্রমিক সংখ্যা/ S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 1) * | এই শিক্ষার্থীর মাথা কি তুলনামুলকভাবে বড়?<br>Does this student have a disproportionately large head? | | | | | |
| 2) | এই শিক্ষার্থীর নাকে কি চ্যাপ্টা ভাব আছে?<br>Does this student have a flattened bridge of the nose? | | | | | |
| 3) | এই শিক্ষার্থীর পা কি বাঁকা?<br>Does this student have bowed legs? | | | | | |
| 4) | এই শিক্ষার্থীর কপালের অংশটি কি আর পাঁচজনের থেকে বেশী উঁচু?<br>Does this student have a prominent forehead? | | | | | |
| 5) | এই শিক্ষার্থীর কি নিতম্বের বিকৃতি আছে যার ফলে উরুর হাড় ভিতরের দিকে ঘুরে গেছে?<br>Does this student have hip deformities that resulted in thighbones turning inward? | | | | | |
| 6) | এই শিক্ষার্থীর বুক কি প্রশস্ত, গোলাকার?<br>Does this student have broad, rounded chest? | | | | | |
| 7) | কিশোর বয়সে এই শিক্ষার্থীর যৌন বিকাশ কি দেরীতে হয়েছে বা একেবারেই হয়নি?<br>Does this student have delayed or no sexual development during the teen years? | | | | | |
| 8) | এই শিক্ষার্থীর ঘাড় কি ছোটো?<br>Does this student have short neck? | | | | | |
| 9) | এই শিক্ষার্থীর কাঁধের কাছে মেরুদণ্ডটি কি বাঁকা? যার ফলে সে কুঁজো হয়ে থাকে?<br>Does this student have curved spine near the shoulders, resulting in hunching? | | | | | |

## 5. MUSCULAR DYSTROPHY

Muscular dystrophy means a group of hereditary genetic muscle disease that weakens the muscles that move the human body. and persons with multiple dystrophy have incorrect and missing information in their genes, which prevents them from making the proteins they need for healthy muscles. It is characterised by progressive skeletal 18 muscle weakness, defects in muscle proteins, and the death of muscle cells and tissue. (RPWD, 2016)

## 5. মাসকুলার ডিস্ট্রোফি

মাসকুলার ডিস্ট্রোফি একটি বংশগত ও জিনগত পেশীরোগ, যা কোন ব্যক্তির শারীরিক নড়াচড়া করতে সাহায্য করে এমন পেশীগুলিকে দুর্বল করে দেয়। একাধিক ধরনের ডিস্ট্রোফিতে আক্রান্ত ব্যক্তিদের জিনে এমন তথ্য থাকে যা সঠিক নয় অথবা প্রয়োজনীয় তথ্যের অনুপস্থিতিও থাকতে পারে, যা তাদের সবল পেশীর জন্য প্রয়োজনীয় প্রোটিন তৈরি করতে বাধা দেয়। এটি প্রগ্রেসিভ স্কেলিটাল, পেশীগত দুর্বলতা, পেশী প্রোটিনের অভাব, এবং পেশী কোষ এবং টিস্যুর মৃত্যু দ্বারা চিহ্নিত করা হয়। (RPWD, 2016)

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 1) | এই শিক্ষার্থী কি ঘনঘন পড়ে যায়?<br>Does this student fall frequently? | | | | | |
| 2) | এই শিক্ষার্থীর কি শুয়ে থাকা বা বসার অবস্থান থেকে উঠতে অসুবিধা হয়?<br>Does this student have difficulty getting up from a lying or sitting position? | | | | | |
| 3) | এই শিক্ষার্থীর কি দৌড়াতে এবং লাফ দিতে সমস্যা হয়?<br>Does this student have trouble in running and jumping? | | | | | |
| 4) * | এই শিক্ষার্থী কি শরীর দোলায় / ছোট ছোটো পদক্ষেপ নেয় এবং হাঁটার সময় এপাশ ওপাশ নড়ে?.*<br>Does this student swing the body / takes short steps and moves from side to side when walking?* | | | | | |
| 5) | এই শিক্ষার্থীর পায়ের আঙ্গুলের উপর হাঁটে?<br>Does this student walk on the toes? | | | | | |
| 6) | এই শিক্ষার্থীর পায়ের কাফ মাসল কি বড়ো?<br>Does this student have large calf muscles? | | | | | |
| 7) | এই শিক্ষার্থী কি পেশীতে ব্যথা এবং শক্ত ভাব সম্পর্কে অভিযোগ করে?<br>Does this student complain about muscle pain and stiffness? | | | | | |
| 8) | এই শিক্ষার্থীর কি অন্যান্য প্রতিবন্ধকতার অবস্থা রয়েছে যেমন স্বাভাবিকের চেয়ে দেরীতে কথা বলতে পারা ইত্যাদি<br>Does this student have other disabilities conditions such as developing speech later than usual | | | | | |

## 6. ACID ATTACK VICTIMS

Acid attack victims means a person disfigured due to violent assaults by throwing of acid or similar corrosive substance. (RPWD, 2016)

Acid is a substance that could be dangerous for its eroding chemical properties but also has several useful applications. It has turned into an untamed weapon used by asocial people across the globe. It would be appropriate to call the victims of acid attack as survivors for obvious reasons such as taboos, social stigma, lower self-esteem, and permanent scars that they have to live with post the incident.

Around 200 to 300 cases are reported every year in India alone but still quite a number of incidents remain unreported. The victims suffer emotionally, mentally, physically, socially as a result and require lot of support to come out of the intense distress experienced. They can be easily identified by their distinct appearance like discolouration, severe burns, and deformities in the physique. With the help of strong legal mechanism and its strict enforcement along with active community participation, the prevention and coping of such brutal crimes can be handled effectively.

The attack leaves a severe imprint on the person's public life and personal life making her/his livelihood and employment prospects challenging. To address this issue, the Government of India has included Acid Attack Victims or Survivors under the RPWD (Amendment) Act, 2016 for ensuring their well-being and welfare.

Acid attack victims can easily be identified by their appearance. They have marks of severe burns on various body parts and may also suffer physical deformities

## 6. অ্যাসিড আক্রান্ত ব্যক্তি

অ্যাসিড আক্রান্ত ব্যক্তি মানে অ্যাসিড বা অনুরূপ ক্ষয়কারী পদার্থ নিক্ষেপ করে কোনো হিংসাত্মক আক্রমণজনিত কারণে বিকৃত হওয়া ব্যক্তি। (RPWD, 2016)

অ্যাসিড এমন একটি পদার্থ যা, তার ক্ষয়কারী রাসায়নিক বৈশিষ্ট্যগুলির জন্য বিপজ্জনক বলে গণ্য হয়। যদিও বেশ কয়েকটি দরকারী ক্ষেত্রেও অ্যাসিডের ব্যবহার হয়। এটি বিশ্ব জুড়ে অসামাজিক ব্যক্তিদের দ্বারা ব্যবহৃত একটি মারাত্মক অস্ত্রে পরিণত হয়েছে। যেসব ব্যক্তিরা অ্যাসিড আক্রমণের শিকার হন তাদের সারভাইভার (বেঁচে যাওয়া ব্যক্তি) বলা হয় কারণ সামাজিক কলঙ্ক, হীনমন্যতা এবং দেহে স্থায়ী কিছু দাগ নিয়ে তাদের বেঁচে থাকতে হয়।

শুধুমাত্র ভারতেই প্রতি বছর প্রায় 200 থেকে 300টি ঘটনা রিপোর্ট করা হয় কিন্তু এমন অনেক ঘটনা থাকে যেগুলি রিপোর্ট করা হয় না। অ্যাসিড আক্রান্ত ব্যক্তিরা মানসিক, শারীরিক, সামাজিক বিপর্যয়ের মুখোমুখি হয় এবং তীব্র যন্ত্রণার অভিজ্ঞতা থেকে বেরিয়ে আসার জন্য তাদের প্রচুর সাহায্যের প্রয়োজন হয়। তাদেরকে তাদের স্বতন্ত্র চেহারা যেমন বিবর্ণতা, মারাত্মক পোড়া দাগ এবং শরীরের বিকৃতি দ্বারা সহজেই চিহ্নিত করা যায়। সমাজের সকলের সক্রিয় অংশগ্রহণ, শক্তিশালী আইনী ব্যবস্থা এবং আইনের কঠোর প্রয়োগের সাহায্যে, এই ধরনের নৃশংস অপরাধ প্রতিরোধ এবং কার্যকরীভাবে এর মোকাবিলা করা যেতে পারে।

আক্রমণটি সারভাইভারদের জনজীবন এবং ব্যক্তিগত জীবনে একটি গুরুতর ছাপ ফেলে এবং তার জীবিকা এবং কর্মসংস্থানের সম্ভাবনাকে প্রতিকুলতাময় করে তোলে। এই সমস্যাটির সমাধান করার জন্য, ভারত সরকার অ্যাসিড হামলার শিকার বা সারভাইভার (বেঁচে যাওয়া ব্যক্তি)-দের সামগ্রিক ভালো থাকা ও কল্যাণের লক্ষ্যে RPWD আইন, 2016 এর অধীনে প্রতিবন্ধকতার ধরনের মধ্যে এটিকে অন্তর্ভুক্ত করেছে।

অ্যাসিড হামলার শিকার ব্যক্তিদের চেহারা দেখে সহজেই চিহ্নিত করা যায়। তাদের শরীরের বিভিন্ন অংশে গুরুতর পোড়ার চিহ্ন থাকে এবং তাদের শারীরিক বিকৃতি ও থাকতে পারে।

## VISUAL IMPAIRMENT

Visual Impairment refers to decreased ability to see to the extent that causes problems in daily functioning.

## দৃষ্টিজনিত প্রতিবন্ধকতা

দৃষ্টিজনিত প্রতিবন্ধকতা বলতে বোঝায় দেখার ক্ষমতা কমে যাওয়া যা দৈনন্দিন কাজে সমস্যা সৃষ্টি করে।

### 7. BLINDNESS

Blindness means a condition where a person has any of the following conditions, after best correction—

I. total absence of sight or

II. visual acuity less than 3/60 or less than 10/200 (Snellen) in the better eye with best possible correction or

III. limitation of the field of vision subtending an angle of less than10 degree. (RPWD, 2016)

### 7. সম্পূর্ণ দৃষ্টি প্রতিবন্ধকতা

সম্পূর্ণ দৃষ্টি প্রতিবন্ধকতা বলতে এমন একটি অবস্থাকে বোঝায় যেখানে একজন ব্যক্তির চিকিৎসার সর্বোত্তম সংশোধনের পরেও নিম্নলিখিত শর্তগুলির মধ্যে যে কোনও একটি সমস্যা থেকে যায়—

I. দৃষ্টিশক্তির সম্পূর্ণ অনুপস্থিতি বা

II. ভালো চোখে সর্বোত্তম সম্ভাব্য সংশোধনের পরও দৃষ্টিশক্তি 3/60-এর কম বা 10/200-এর কম (স্নেলেন অনুযায়ী) বা

III. দৃষ্টিক্ষেত্রের সীমাবদ্ধতার সম্মুখ কোন 10 ডিগ্রির কম। (RPWD, 2016)

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 1) * | এই শিক্ষার্থী কি সম্পূর্ণ দৃষ্টি-প্রতিবন্ধী অর্থাৎ উভয় চোখ ব্যবহার করেও কিছু দেখতে পান না?<br><br>Is this student completely blind i.e. unable to see anything using both eyes? | | | | | |
| 2) | এই শিক্ষার্থীর চোখ কি অ-সমান (সঠিক জায়গায় নেই বা ট্যাঁরা) অর্থাৎ উভয় চোখের মণির অবস্থান ভিন্ন বলে মনে হয়?<br><br>Does this student have misaligned eyes/squint (asymmetrical or twisted) i.e. both the position of eyeballs appear to be different? | | | | | |
| 3) | এই শিক্ষার্থী কি সবুজ এবং নীল অথবা লাল এবং সবুজ রঙের মধ্যে পার্থক্য করতে পারেন না?<br><br>Is this student not able to differentiate between shades of green and blue or shades of red and green? | | | | | |
| 4) | এই শিক্ষার্থী কি আলোতে থাকার পরে একটি অন্ধকার ঘরে দেখতে তুলনামূলকভাবে বেশি সময় নেয় (অন্ধকার ঘরতিতে জিনিসপত্র চিনতে/বুঝতে বেশি সময় নেয়)?<br><br>Does this student take comparatively long time to see in a darkened room after being in the light (wanting a few minutes to recognise things)? | | | | | |
| 5) * | এই শিক্ষার্থী কি খুব ঘনঘন জিনিসপত্র বা অন্যান্য শিক্ষার্থীদের সাথে ধাক্কা খায়?<br><br>Does this student bump into objects or other students very frequently? | | | | | |

## 8. LOW VISION

Low vision means a condition where a person has any of the following conditions, namely :—

I. visual acuity not exceeding 6/18 or less than 20/60 up to 3/60 or up to 10/200 (Snellen) in the better eye with best possible corrections; or

II. limitation of the field of vision subtending an angle of less than 40 degree up to 10 degree. (RPWD, 2016

## 8. ক্ষীণ দৃষ্টি

ক্ষীণ দৃষ্টি বলতে এমন একটি অবস্থাকে বোঝায় যেখানে একজন ব্যক্তির নিম্নলিখিত অসুবিধাগুলির মধ্যে যে কোনো একটি থাকে, যথা:-

I. দৃষ্টির তীক্ষ্ণতা সর্বোত্তম সম্ভাব্য সংশোধনসহ দুটি চোখের মধ্যে ভাল চোখটিতে দৃষ্টির তীক্ষ্ণতা 6/18 এর বেশি নয় বা 20/60 –এর কম 3/60 বা 10/200 পর্যন্ত (স্নেলেন অনুযায়ী); বা

II. দৃষ্টিক্ষেত্রের সীমাবদ্ধতার সম্মুখ কোন 40 ডিগ্রির কম থেকে 10 ডিগ্রি পর্যন্ত।(RPWD, 2016)

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 1) | এই শিক্ষার্থী কি চোখের ভিতরে বা চারপাশে জ্বলুনী বা চুলকানির অভিযোগ করে?<br>Does this student complain of burning sensation or itchiness in or around the eyes? | | | | | |
| 2) | এই শিক্ষার্থী কি ঘনঘন তার চোখ পিটপিট করে?<br>Does this student flicker his/her eyes frequently? | | | | | |
| 3) | এই শিক্ষার্থী কি অগোছালোভাবে লেখে যেমন শব্দগুলি বাঁকানো, শব্দগুলির মধ্যে ব্যবধান ঠিক না রাখা, বা শব্দগুলি লাইনের মধ্যে না রাখা?<br>Does this student write irregularly i.e. words are twisted, poorly spaced, or words are not between the ruled lines? | | | | | |
| 4) | চোখের সাহায্যে কোনো কাজ করার সময় কি এই শিক্ষার্থীর মনোযোগ কম থাকে?<br>Does this student have low attention span while doing visual activity? | | | | | |
| 5) | এই শিক্ষার্থী কি ঘনঘন মাথা ব্যথার অভিযোগ করে?<br>Does this student complain of frequent headaches? | | | | | |
| 6) | এই শিক্ষার্থীটি কি পড়ার সময় বইটি খুব দূরে বা খুব কাছে ধরে রাখে?<br>Does this student hold a book too far or too close while reading | | | | | |
| 7) | এই শিক্ষার্থীটি পড়ার সময় কি অসুবিধার সম্মুখীন হয় (লাইন ভুল করে বা মাঝখানে লাইন বাদ দিয়ে যায়, শব্দ বাদ দেয়, শব্দ যোগ করে, পাঠ্য বরাবর মাথা সরাতে থাকে)?<br>Does this student face difficulties while reading (misplaces the line or skips lines in between, omits words, add words, moves head along the text)? | | | | | |
| 8) | এই শিক্ষার্থী কি এমন কাজ এড়িয়ে যায় যার জন্য দৃষ্টিশক্তির/ভিজ্যুয়াল ফোকাস প্রয়োজন হয় যেমন পড়া বা রঙ করা/লেখা?<br>Does this student avoid engaging in activities requiring visual focus such as reading or colouring/ writing? | | | | | |

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 9) * | এই শিক্ষার্থীটি কি ক্রমাগত বা ঘনঘন তার চোখ ঘষে, দশ মিনিটে প্রায় তিন-চার বার?<br><br>Does this student constantly or frequently rub his or her eyes, approximately 3-4 times in 10 minutes? | | | | | |
| 10) * | এই শিক্ষার্থী কি আলোর চারপাশে রংধনু বা বর্ণবলয় দেখার অভিযোগ করে?<br><br>Does this student complain of seeing rainbows or halos around the light? | | | | | |
| 11) | এই শিক্ষার্থীটি কি চকবোর্ডের লেখা দেখে নিজের খাতায় লেখার সময় অনেক ভুল করে (যখন সে চকবোর্ড থেকে দূরে নিজের ডেস্কে বসে লেখে)?<br><br>Does this student make excessive errors in copying from chalkboard to paper on desk? | | | | | |
| 12) | এই শিক্ষার্থীটি কি ঝাপসা, অস্পষ্ট বা দ্বিগুণ দৃষ্টি (ডবল ভিশন)-র অভিযোগ করে?<br><br>Does this student complain of blurred, cloudy or double vision? | | | | | |
| 13) * | এই শিক্ষার্থী কি পড়া/কাছের জিনিস দেখা/লেখার সময় একটি চোখ বন্ধ করে বা ঢেকে রাখে?<br><br>Does this student close or cover one eye while reading/focusing on close objects/writing | | | | | |

## HEARING IMPAIRMENT

Hearing impairment refers to decreased ability to listen to the extent that it creates problems in day-to-day functioning.

## শ্রবণ প্রতিবন্ধকতা

শ্রবণ প্রতিবন্ধকতা বলতে শোনার ক্ষমতার ঘাটতি-কে বোঝায় যা প্রতিদিনের কাজকর্মে সমস্যা তৈরি করে।

### 9. HEARING IMPAIRMENT

Hearing impairment is defined as

I. "deaf" means persons having 70 DB hearing loss in speech frequencies in both ears;

II. "hard of hearing" means person having 60 DB to 70 DB hearing loss in speech frequencies in both ears.(RPWD, 2016)

### 9. শ্রবণ প্রতিবন্ধকতা

শ্রবণ প্রতিবন্ধকতাকে সংজ্ঞায়িত করা হয়েছে

I. "বধির" অর্থাৎ যে ব্যক্তির উভয় কানে শব্দ শোনার ফ্রিকোয়েন্সি 70 DB হ্রাস পেয়েছে;

II. "দুর্বল শ্রবণশক্তি"-র অর্থ উভয় কানে শব্দ শোনার ফ্রিকোয়েন্সি 60 DB থেকে 70 DB হ্রাস পেয়েছে। (RPWD, 2016)

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 1) | এই শিক্ষার্থী কি কথা শোনার সময় নিজের কান বক্তার দিকে করার জন্য নিজের মাথা সেদিকে ঘুরিয়ে দেয়?<br><br>Does this student turn head to position ear in the direction of the speaker? | | | | | |
| 2) | এই শিক্ষার্থীকে কি সম্বোধন করা হলে বা ডাকলে সাড়া দেয় না?<br><br>Does this student not respond when addressed or called out? | | | | | |
| 3) | এই শিক্ষার্থী কি অস্বাভাবিক উচ্চস্বরে কথা বলে?<br><br>Does this student use unusually loud voice when speaking? | | | | | |
| 4) | এই শিক্ষার্থী কি প্রায়ই শব্দের ভুল উচ্চারণ করে?<br><br>Does this student often mispronounce words? | | | | | |
| 5) | কথোপকথনের সময়/কোন কিছু ব্যাখ্যা করা হলে/কোন নির্দেশ দিলে এই শিক্ষার্থীকে কি অন্যমনস্ক এবং/অথবা বিভ্রান্ত বলে মনে হয় বা সে কি কথাগুলি বারবার শুনতে চায়?<br><br>Does this student seem distracted and/or confused during verbal communication/explanations/ instructions or needs repetition frequently? | | | | | |
| 6) | এই শিক্ষার্থী কি মৌখিক নির্দেশ বা নির্দেশাবলী অনুসরণ করতে অসুবিধার সম্মুখীন হয়?<br><br>Does this student face difficulty in following verbal directions or instructions? | | | | | |
| 7) * | কথোপকথনের সময় এই শিক্ষার্থী কি উদ্দেশ্যমূলকভাবে বা কথা বোঝার জন্য বক্তার মুখের দিকে তাকিয়ে থাকে?<br><br>Does this student purposefully watch faces while listening during a conversation? | | | | | |

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 8) * | এই শিক্ষার্থীটি কি উচ্চ শব্দে চমকে ওঠে না বা বিস্মিত হয় না বা পরিবেশগত শব্দ শুনতে (যেমন, স্কুলের ঘণ্টায়, সামাজিক পরিস্থিতিতে মানুষ ডাকলে এবং/বা কথা বললে) তার সমস্যা হয়?<br><br>Does this student not gets startled or surprised by loud noises or has problems in hearing environmental sounds (i.e., school bell, people calling and/or talking to the student in social situations)? | | | | | |
| 9) | এই শিক্ষার্থীটি কি দলের সাথে না থেকে একা থাকতে পছন্দ করে, বা প্রায়ই সামাজিক পরিস্থিতি থেকে সরে আসে?<br><br>Does this student prefer to be alone rather than with a group, or frequently withdraws from social situations? | | | | | |
| 10) | এই শিক্ষার্থীটি কি শুধুমাত্র ডিকটেশনের সময় অর্থাৎ শুনে লেখার ক্ষেত্রে প্রচুর ভুল করে?<br><br>Does this student make lots of errors in writing during dictations only? | | | | | |
| 11) | এই শিক্ষার্থীটিকে কি অমনোযোগী, অস্থির, ক্লান্ত বা দিবাস্বপ্ন দেখে বলে মনে হয়?<br><br>Does this student appear to be inattentive, restless, tired or daydreaming | | | | | |

## SPEECH AND LANGUAGE DISABILITY

Speech and language disability refers to problems in communication involving hearing, speech, language, and fluency.

## 10. SPEECH AND LANGUAGE DISABILITIES

Speech and language disabilities means a permanent disability arising out of conditions such as laryngectomy or aphasia affecting one or more components of speech and language due to organic or neurological causes.(RPWD, 2016)

## কথা বলা এবং ভাষার প্রতিবন্ধকতা

কথা বলা এবং ভাষার প্রতিবন্ধকতা বলতে যোগাযোগের সমস্যা বোঝায় যা কানে শোনা, কথা বলা, ভাষা শেখা এবং সাবলীলভাবে ভাষা ব্যবহারের সাথে যুক্ত।

## 10. কথা বলা এবং ভাষার প্রতিবন্ধকতা

কথা বলা এবং ভাষার প্রতিবন্ধকতা একটি স্থায়ী প্রতিবন্ধকতা। যখন কোন ব্যক্তির জীবনে জৈব বা স্নায়বিক কারণে ল্যারিঞ্জেক্টমি বা অ্যাফেসিয়ার মতো অবস্থা হয় তখন তা কথা বলা এবং ভাষা শেখার জন্য প্রয়োজনীয় এক বা একাধিক উপাদানের ক্ষতি করে এবং এই প্রতিবন্ধকতার সৃষ্টি হয়। (RPWD, 2016)

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 1) | এই শিক্ষার্থী কি শব্দ বা শব্দের কিছু অংশ পুনরাবৃত্তি করে? উদাহরণস্বরূপ, 'তুমি কি জল খেতে চাও' জিজ্ঞাসা করা হলে শিশুটি উত্তর দেবে "তুমি জল খেতে চাও"<br>Does this student repeat words or parts of words? For example, when asked 'Do you want to drink water' the child will reply "You want to drink water" | | | | | |
| 2) | এই শিক্ষার্থী কি সংক্ষিপ্ত, খণ্ডিত বাক্যাংশে কথা বলে?<br>Does this student speak in short, fragmented phrases? | | | | | |
| 3) | এই শিক্ষার্থীটি কি ভুলক্রমে শব্দগুলি বলে, যেমন "আকাশের রং নীল" এর পরিবর্তে "রং আকাশের নীল" বলে?<br>Does this student say words in the wrong order, for example saying "blue sky is" instead of 'sky is blue'? | | | | | |
| 4) | এই শিক্ষার্থীর কি শব্দের উচ্চারণ করতে অসুবিধা হয়, উদাহরণস্বরূপ একটি বাক্যে বারবার শব্দ পুনরাবৃত্তি করে বা সঠিক শব্দ ব্যবহার করতে পারে না?<br>Does this student struggle in the use of words, for example repeating words again and again in a sentence or unable to use appropriate words? | | | | | |
| 5) * | এই শিক্ষার্থীর কি কোনো শব্দ শুনে বলতে বা অনুকরণ করতে অসুবিধা হয়? উদাহরণস্বরূপ তাকে "নৌকা" শব্দটি বলতে বলা হলে, সে সঠিকভাবে "নৌকা" শব্দটি বলতে পারে না?<br>Does this student have difficulty in imitating speech sounds, for example a child is asked to repeat the word "boat" but he fails to repeat in the desired manner? | | | | | |
| 6) * | এই শিক্ষার্থী কি অস্পষ্টভাবে কথা বলে বা শব্দগুলি জড়িয়ে যায়?<br>Does this student speak unclearly so that the sounds run into one another? | | | | | |

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 7) | এই শিক্ষার্থী কি বারবার বাক্যগঠন (ব্যাকরণগত) বা শব্দার্থ বিদ্যায় (গঠনগত) ভুল করে? উদাহরণস্বরূপ, বারবার 'সে তাকে ধাক্কা দিয়েছে/দিয়েছিলো' –এর পরিবর্তে 'সে তাকে ধাক্কা দেয়' লেখে।<br>Does this student make a lot of repeated syntax (grammatical) or semantics (structural) mistakes? For example, repeatedly writing 'he push him' instead of 'he pushes/pushed him'. | | | | | |
| 8) | এই শিক্ষার্থী কি কথা বলার সময় সীমিত সংখ্যক শব্দ/বাক্য ব্যবহার করে?<br>Does this student use limited vocabulary/speech? | | | | | |

## INTELLECTUAL DISABILITY

Intellectual disability refers to significant impairment in cognitive and adaptive functioning. It causes difficulties in problem solving, reasoning and learning.

## বুদ্ধিজনিত প্রতিবন্ধকতা

বুদ্ধিজনিত প্রতিবন্ধকতা বলতে বোঝায় বৌদ্ধিক (cognitive) দুর্বলতা এবং বিভিন্ন পরিস্থিতির সাথে মানিয়ে নেওয়ার অসুবিধা। বুদ্ধিজনিত প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তিদের কোন সমস্যার সমাধান করা, যুক্তি দিয়ে কিছু বোঝা এবং শিখনের ক্ষেত্রে অসুবিধা হয়।

## 11. INTELLECTUAL DISABILITY

Intellectual disability is a condition characterised by significant limitation both in intellectual functioning (reasoning, learning, problem solving) and in adaptive behaviour which covers a range of every day, social and practical skills. (RPWD, 2016)

## 11. বুদ্ধিজনিত প্রতিবন্ধকতা

বুদ্ধিজনিত প্রতিবন্ধকতা এমন একটি অবস্থা যেখানে বুদ্ধিবৃত্তিক কার্যকারিতা (যুক্তি, শিখন, সমস্যার সমাধান) এবং বিভিন্ন পরিস্থিতির সাথে মানিয়ে নেওয়ার আচরণ অর্থাৎ দৈনন্দিন জীবনে সামাজিক এবং ব্যবহারিক দক্ষতায় সীমাবদ্ধতা লক্ষ্য করা যায়। (RPWD, 2016)

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 1) | এই শিক্ষার্থীর বিকাশ কি একই বয়সের অন্যান্য শিশুদের তুলনায় ধীরে ধীরে হচ্ছে বলে মনে হয়?<br><br>Does this student seem to be developing more slowly than other children of same age? | | | | | |
| 2) | এই শিক্ষার্থীর কি অন্যদের সাথে যোগাযোগ বা সামাজিকীকরণে অসুবিধা হয়?<br><br>Does this student have difficulty in communicating or socialising with others? | | | | | |
| 3) | এই শিক্ষার্থীর কি কিছু মনে রাখতে সমস্যা হয়?<br><br>Does this student have problems in remembering things? | | | | | |
| 4) * | অন্যান্য শিক্ষার্থীদের তুলনায়, এই শিক্ষার্থী কি কোন্ কাজ করলে কী পরিণতি বা ফলফল হবে তা কম বোঝে? উদাহরণস্বরূপ, চুপ করার নির্দেশ দিতে আওয়াজ (শশ...) করলে বা ইশারায় (কথা বন্ধ করার জন্য মুখে আঙুল রাখা) বোঝালে বোঝে না।<br><br>In comparison to other students, does this student have inability to connect actions with consequences? For example, no understanding of meaning of silent gestures (Shh...) or keeping the finger on the mouth to stop talking. | | | | | |
| 5) | এই শিক্ষার্থীর কি সমস্যা সমাধান বা যৌক্তিক চিন্তা ভাবনা করতে অসুবিধা হয়? উদাহরণস্বরূপ, সংখ্যা যোগ, বিয়োগ, গুণ বা ভাগ বা কোন প্রশ্ন সঠিকভাবে বুঝতে অসুবিধা হয়?<br><br>Does this student have difficulty with problem-solving or logical thinking? For example, severe discomfort in adding, subtracting, multiplying or dividing numbers or in analysing the questions properly? | | | | | |
| 6) | এই শিক্ষার্থীর কি দৈনন্দিন কাজগুলি যেমন হোমওয়ার্ক শেষ করা, শিক্ষকের নির্দেশাবলী/ নির্দেশ অনুসরণ করা বা সাহায্য ছাড়া শৌচাগার ব্যবহার করায় অসুবিধা হয়?<br><br>Is this student unable to do everyday tasks like finishing homework, following instruction/directions of the teacher or using the washroom without help? | | | | | |

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 7) | এই শিক্ষার্থীর কি আবেগ এবং চাহিদা প্রকাশ করতে অসুবিধা হয়?<br><br>Is this student not able to express emotions and needs? | | | | | |
| 8) | আপনি কি মনে করেন এই শিক্ষার্থীর চোখে চোখ রেখে কথা বলতে বা কিছু বোঝাতে অসুবিধা হয়?<br><br>Do you think this student has improper eye contact? | | | | | |
| 9) | আপনি কি এই শিক্ষার্থীর মধ্যে একটি নির্দিষ্ট জায়গায় ঘোরার মতো পুনরাবৃত্তিমূলক অঙ্গভঙ্গি, একটি নির্দিষ্ট জীবনধারায় অভ্যস্থ হওয়া এবং নিজের জিনিসপত্র একই পদ্ধতিতে / একই জায়গায় রাখার অভ্যাস লক্ষ্য করেছেন? এই অভ্যাসগুলির পরিবর্তন হলে সে কি উদ্বিগ্ন হয়ে পড়ে?<br><br>Do you notice repetitive gestures like spinning on a certain spot, enjoy a particular lifestyle and way of object arrangements which can otherwise cause anxiety, in this student? | | | | | |
| 10) | এই শিক্ষার্থী কি পরিবেশগত বাহ্যিক পরিবর্তনে অপ্রত্যাশিত প্রতিক্রিয়া দেখায়? উদাহরণস্বরূপ, যারা মা বাবার চিৎকার শুনেও অবিচল (নির্লিপ্ত) থাকে এবং দংশন, গরম এবং ঠান্ডার অনুভূতিতেও প্রতিক্রিয়া দেখায় না।<br><br>Does this student react to external changes in unexpected manner? For example, those who are non-chalant (unconcerned/disinterested) towards parents' yelling and unresponsive to stimuli such as stinging, hotness and coldness | | | | | |

## 12. SPECIFIC LEARNING DISABILITIES

Specific learning disabilities means a heterogeneous group of conditions wherein there is a deficit in processing language, spoken or written, that may manifest itself as a difficulty to comprehend, speak, read, write, spell, or to do mathematical calculations and includes such conditions as perceptual disabilities, dyslexia (related to reading), dysgraphia (related to writing), dyscalculia (related to mathematical calculations), dyspraxia (related to coordination and movements) and developmental aphasia (related to acquisition of language). (RPWD, 2016

## 2. নির্দিষ্ট বিষয় শেখার প্রতিবন্ধকতা

নির্দিষ্ট বিষয় শেখার প্রতিবন্ধকতা বলতে বোঝায় এমন একটি ভিন্নধর্মী অবস্থার সমন্বয়, যেখানে কথ্য বা লিখিত ভাষা প্রক্রিয়াকরণে ঘাটতি রয়েছে, যা বুঝতে, কথা বলতে, পড়তে, লিখতে, বানান করতে, গাণিতিক গণনা বা অঙ্ক করতে অসুবিধার সৃষ্টি করে। এইধরনের অসুবিধাগুলির মধ্যে রয়েছে উপলব্ধি সংক্রান্ত অক্ষমতা, ডিসলেক্সিয়া (পড়ার সাথে সম্পর্কিত), ডিসগ্রাফিয়া (লেখার সাথে সম্পর্কিত), ডিসক্যালকুলিয়া (গাণিতিক গণনার সাথে সম্পর্কিত), ডিসপ্র্যাক্সিয়া (সমন্বয় এবং নড়াচড়ার সাথে সম্পর্কিত) এবং বিকাশমূলক অ্যাফেসিয়া (ভাষা অর্জনের সাথে সম্পর্কিত)। (RPWD, 2016)

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 1) | এই শিক্ষার্থী কি তুলনামূলকভাবে পড়া বা লেখার ক্ষেত্রে ধীর?<br><br>Is this student comparatively slow in reading or writing? | | | | | |
| 2) | এই শিক্ষার্থীর হাতের লেখা কি পর্যাপ্ত অনুশীলন এবং অভ্যাসের পরেও অস্পষ্ট বা পরিষ্কার নয়?<br><br>Does this student have poor handwriting that lacks clarity even after sufficient practice and exercises? | | | | | |
| 3) | এই শিক্ষার্থীর কি সংখ্যা, নম্বর, যেমন তারিখ, বছর বা পরিসংখ্যানগত তথ্য মনে রাখতে অসুবিধা ও কষ্ট হয়?<br><br>Does this student face difficulty and struggle in remembering numbers, figures, i.e. dates, years or statistical facts? | | | | | |
| 4) | এই শিক্ষার্থীর কি পঠিত বিষয়ের অর্থ বুঝতে ক্রমাগত সমস্যা হয়?<br><br>Does this student continuously have trouble in understanding the meaning of what is read? | | | | | |
| 5) | এই শিক্ষার্থী কি সহজ শব্দের বানান নিয়ে অসুবিধার সম্মুখীন হয়?<br><br>Does this student face difficulty with spellings of simple words? | | | | | |
| 6) * | কয়েকবার শেখানোর পরেও কি এই শিক্ষার্থীর লিখিত অভিব্যক্তি (যেমন, ব্যাকরণ, বিরামচিহ্ন বা গঠনগত) নিয়ে অসুবিধা হয়?.*<br><br>Does this student have difficulty with written expression (e.g., problems with grammar, punctuation or organization) even after being taught several times?* | | | | | |
| 7) | এই শিক্ষার্থীর কি মনোযোগের পরিধি অল্প? আধঘন্টা বা এক ঘন্টা ধরে একটি কাজে মনোনিবেশ করতে অসুবিধা হয়?<br><br>Does this student have short attention span or unable to concentrate on a task for half or one hour? | | | | | |

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 8) | এই শিক্ষার্থীর কি সময়ের অর্থ বুঝতে অসুবিধা হয়? বারবার বলে দেওয়া সত্ত্বেও সময়সীমার মধ্যে তাকে দেওয়া কাজ সম্পন্ন করার প্রয়োজনীয়তা বুঝতে ক্রমাগত ব্যর্থ হয় /কোন কাজ গুছিয়ে করতে অসুবিধা হয়?<br><br>Does this student have difficulty in understanding the meaning of time and fail continually to comprehend the requirements of completing assignments within the asked time frame/difficulty in organizing? | | | | | |
| 9) * | এই শিক্ষার্থীর কি দিক নির্দেশনার অভাব রয়েছে?<br><br>Does this child lack sense of direction? | | | | | |
| 10) * | এই শিক্ষার্থী কি লেখার সময় অক্ষর বা চিহ্ন উল্টে দেয়? উদাহরণস্বরূপ, "p" এর পরিবর্তে "q" লেখে,বা b/d, u/v, w/m, च/ज, प/फ, व/ब, छ/ध, प/त এইসব অক্ষর বা +/x, ÷/-চিহ্ন বা শব্দ বা সংখ্যাগুলি বারে বারে উল্টে লেখে?<br><br>Does this student reverse letters or symbols while writing? For example, writing "q" instead "p" or b/d, u/v, w/mp@t] Q@i] o@c] ?k@/k] i@r] +/x, ÷/-frequently? | | | | | |

## 13. AUTISM SPECTRUM DISORDER

Autism spectrum disorder means a neuro-developmental condition typically appearing in the first three years of life that significantly affects a person's ability to communicate, understand relationships and relate to others, and is frequently associated with unusual or stereotypical rituals or behaviours. (RPWD, 2016

## 13. অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার

অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার হল একটি নিউরো-ডেভেলপমেন্টাল অবস্থা যা সাধারণত জীবনের প্রথম তিন বছরে দেখা যায়, যা একজন ব্যক্তির যোগাযোগ করার, পারস্পরিক সম্পর্ক বোঝার এবং অন্যদের সাথে সম্পর্ক করার ক্ষমতাকে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত করে এবং অটিজমযুক্ত ব্যক্তিরা প্রায়শঃই অস্বাভাবিক বা স্টিরিওটাইপিক্যাল আচার-ব্যবহার করে। (RPWD, 2016)

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 1) * | এই শিক্ষার্থীর কি চোখে চোখ রাখতে বা বক্তার দিকে তাকাতে অসুবিধা হয়?<br><br>Does this student have difficulty in making eye contact or looking at the speaker? | | | | | |
| 2) | এই শিক্ষার্থী কি শব্দ প্রতিধ্বনিত বা পুনরাবৃত্তি করে? উদাহরণস্বরূপ, তাকে 'তোমার নাম কী?' 'জিজ্ঞাসা করা হলে,তার নাম বলার পরিবর্তে 'তোমার নাম কী?' পুনরাবৃত্তি করবে?<br><br>Does this student echo or repeat words. For example, on being asked 'what is your name?' will repeat 'what is your name?' instead of telling their name? | | | | | |
| 3) | এই শিক্ষার্থীর কি সমবয়সী/সহপাঠীদের সাথে খেলতে/মনের ভাব আদানপ্রদান করতে/বন্ধু করতে অসুবিধা হয়?<br><br>Does this student have difficulty in playing/interacting/ making friends with peer group/classmates? | | | | | |
| 4) | এই শিক্ষার্থীটি কি তার নিজের জগতে হারিয়ে গেছে বলে মনে হয়?<br><br>Does this student appear to be lost in his/her own world? | | | | | |
| 5) * | এই শিক্ষার্থীর কি তার রুটিনে আকস্মিক পরিবর্তনের সাথে মানিয়ে নিতে অসুবিধা হয় - উদাহরণস্বরূপ, শিক্ষকের অনুপস্থিতির কারণে সময়সূচির পরিবর্তনে, বা অন্য পরিস্থিতিতে, বা বিকল্প শিক্ষক, বা অন্য শ্রেণী কক্ষে চলে যাওয়া ইত্যাদির কারণে?<br><br>Does this student find it difficult to cope with sudden changes in his/her routine - for example, changes in timetable due to teacher absence, or other circumstances, or substitute teacher, or moving to another classroom etc.? | | | | | |
| 6) | এই শিক্ষার্থীটি কি হাত ঝাঁকায়/মাথা নাড়ায়/আঙ্গুলের নড়াচড়া / দুলুনি/ শব্দের পুনরাবৃত্তির মতো পুনরাবৃত্তিমূলক কাজ করে?<br><br>Does this student exhibit repetitive mannerisms like hand flapping/ nodding head/finger movement/ rocking/vocal repetitions? | | | | | |

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 7) | এই শিক্ষার্থীটি কি অন্যদের প্রতি সচেতনতা, অন্যদের চিনতে পারা এবং কীভাবে অন্যরা তার আচরণ দ্বারা প্রভাবিত হতে পারে সেই বিষয়টি বুঝতে পারে না? যেমন সহপাঠীদের সাথে সঠিক পদ্ধতিতে খেলায় যোগ দেওয়া বা যোগদান করতে অসুবিধা বা কোন খেলার ক্ষেত্রে তার পালা (turn) আসা পর্যন্ত অপেক্ষা করতে তার অসুবিধা হয়?<br><br>Does this student show poor awareness, identification of others and how they are affected by his/her behaviours like not sharing or difficulty in joining games with classmates in appropriate manner or difficulty in waiting for his/her turn? | | | | | |
| 8) | এই শিক্ষার্থীর কি দলগত নির্দেশাবলী অনুসরণ করতে অসুবিধা হয় এবং প্রতিটি কাজের জন্য নামসহ নির্দিষ্ট নির্দেশাবলীর প্রয়োজন হয়, উদাহরণস্বরূপ, ব্ল্যাকবোর্ড দেখে লেখা বা পাঠ্যপুস্তক/লেখার খাতা খোলা বা একটি লাইন আঁকতে বা পরবর্তী ক্লাসের জন্য নির্দিষ্ট জিনিসপত্র আনতে অসুবিধা হয়?<br><br>Does this student have difficulty in following group instructions and needs specific instructions with name for every task, for example, copying from the blackboard, or opening textbooks/notebooks, or draw a line, or bring specific material for next class? | | | | | |
| 9) | এই শিক্ষার্থীটি কি অস্বাভাবিক সুরে বা ছন্দে কথা বলে এবং গান গায় বা একঘেয়ে আওয়াজে বা রোবটের মতো কথা বলে?<br><br>Does this student speak with an abnormal tone or rhythm and use a sing song or monotonous voice or robot-like speech? | | | | | |
| 10) | এই শিক্ষার্থীর কি বিভিন্ন ইশারার মাধ্যমে ভাব বিনিময়ে অসুবিধা হয়? যেমন অন্যলোকের মুখের ভাব, শরীরের ভঙ্গি বা কণ্ঠস্বর চিনতে অসুবিধা হয়?<br><br>Does this student have difficulty in recognizing nonverbal cues, such as interpreting other people's facial expressions, body postures or tone of voice? | | | | | |
| 11) * | গল্প বলার সময় যখন অন্যরা সবাই মনোযোগ দিয়ে শুনছে, তখন এই শিক্ষার্থী কি আগ্রহী নয় বলে মনে হয়?<br><br>During story telling session does this student appear not interested while all others are listening keenly? | | | | | |
| 12) * | এই শিক্ষার্থী কি অনর্গল ভাবে পড়ে এবং শব্দগুচ্ছ পুনরাবৃত্তি করে কিন্তু তার নিজের কথায় (মৌখিক/লিখিত) বর্ণনা করতে সক্ষম হয় না?<br><br>Does this student read fluently and repeat verbatim but is not able to narrate (orally/written) in his/her own words? | | | | | |
| 13) | এই শিক্ষার্থী কি সর্বনাম বিপরীত করে বলে বা সর্বনাম ব্যবহার করা এড়িয়ে যায় উদাহরণস্বরূপ, যখন শিক্ষক জিজ্ঞাসা করেন 'তুমি কি তোমার হোম ওয়ার্ক নিয়ে এসেছো' শিশুটি উত্তর দেয় "তুমি তোমার হোমওয়ার্ক নিয়ে এসেছো/ রানী তোমার হোমওয়ার্ক নিয়ে এসেছো"?<br><br>Does this child reverse pronoun or avoid using pronoun for example, when teacher ask 'have you brought your homework' the child responds 'you brought your homework/ Rani brought your homework'? | | | | | |

**MENTAL BEHAVIOUR**

Mental behaviour includes mental illness which refers to disturbances in thoughts and behaviour that becomes obstacles in performing activities of daily living.

**মানসিক আচরণ**

মানসিক আচরণের মধ্যে মানসিক অসুস্থতা অন্তর্ভুক্ত যা চিন্তাভাবনা এবং আচরণের অসঙ্গতিকে বোঝায় যা দৈনন্দিন জীবনযাত্রায় কাজকর্ম করার ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়ায়।

## 14. MENTAL ILLNESS

Mental illness means a substantial disorder of thinking, mood, perception, orientation or memory that grossly impairs judgment, behaviour, capacity to recognize reality or ability to meet the ordinary demands of life, but does not include retardation which is a condition of arrested or incomplete development of mind of a person, specially characterised by sub-normality of intelligence. (RPWD, 2016)

## 14. মানসিক অসুস্থতা

মানসিক অসুস্থতা অর্থাৎ চিন্তাভাবনা, মেজাজ, উপলব্ধি, অভিমুখীতা বা স্মৃতিশক্তির ক্ষেত্রে বিশেষ অসুবিধা যা একজন ব্যক্তির বিচারক্ষমতা, সঠিক আচরণ, বাস্তব অবস্থা বোঝার ক্ষমতা বা জীবনের সাধারণ চাহিদা মেটানোর ক্ষমতাকে ভীষণভাবে ক্ষতিগ্রস্ত করে। কিন্তু এটি বৌদ্ধিক প্রতিবন্ধকতার অন্তর্ভুক্ত নয় কারণ সেক্ষেত্রে একজন ব্যক্তির মনের বিকাশ, বিশেষ করে বৌদ্ধিক বিকাশে অসম্পূর্ণতা থাকে। (RPWD, 2016)

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 1) | এই শিক্ষার্থীকে কি প্রায়ই দুঃখিত দেখায়, বা সে নিজেকে সবকিছু থেকে সরিয়ে রাখে বলে মনে হয়, বা তার মেজাজের ঘন ঘন পরিবর্তন হয় যা বিদ্যালয়ে অন্য শিক্ষার্থীদের সাথে তার সম্পর্কের ক্ষেত্রে সমস্যা সৃষ্টি করে?<br><br>Does this student often appear sad, or seems withdrawn, or has severe mood swings that cause problems in relationships at school? | | | | | |
| 2) | এই শিক্ষার্থীর কি কোন কিছুতে মনোযোগ দিতে বা এক জায়গায় স্থির থাকতে বা বসে থাকতে অসুবিধা হয়?<br><br>Does this student have trouble in focusing or sitting still/staying in his/her seat? | | | | | |
| 3) | এই শিক্ষার্থীর কি কোনো কারণ ছাড়াই ওজন হ্রাস বা ওজন বৃদ্ধি হয়েছে?<br><br>Does this student have an unexplained weight loss or weight gain? | | | | | |
| 4) | এই শিক্ষার্থীকে কি উদ্বিগ্ন দেখায় এবং ঘনঘন মাথাব্যথা এবং পেটে ব্যথার মতো ব্যথার বিষয়ে অভিযোগ করে?<br><br>Does this student look anxious and frequently report symptoms such as headaches and stomach-aches? | | | | | |
| 5) * | এই শিক্ষার্থী কি নিজের-ক্ষতি করে বা এই জাতীয় কার্যকলাপে লিপ্ত হয় যেমন হাত কাটা বা আঙ্গুল পোড়ানো?<br><br>Does this student indulge in self-harm activities such as making cut marks or burning fingers? | | | | | |
| 6) * | এই শিক্ষার্থীকে কি আত্মহত্যার চিন্তাভাবনা বা আত্মহত্যার চেষ্টা করার কথা বলতে দেখা গেছে?<br><br>*Has this student been observed to exhibit suicidal thoughts or talk about attempting suicide? | | | | | |

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 7) | এই শিক্ষার্থীকে কি মাদক বা অ্যালকোহল সেবন করতে দেখা গেছে?<br><br>Has this student been observed getting involved in drugs or alcohol use? | | | | | |
| 8) | এই শিক্ষার্থীর কি এমন কিছুর প্রতি তীব্র ভয় যার থেকে বাস্তবে বিপদের সম্ভাবনা খুবই সামান্য বা প্রায় নেই বললেই চলে?<br><br>Does this student have intense fear of something, which, in reality, has little or no actual danger? | | | | | |
| 9) | এই  শিক্ষার্থীকে কি বাস্তবতা থেকে বিচ্ছিন্ন এবং একটি কাল্পনিক জগতে বসবাস করতে দেখা যায়? উদাহরণস্বরূপ, কাল্পনিক বন্ধুদের কথা বলা বা তাদের কণ্ঠস্বর শোনা (এই ধরনের আচরণ কিন্তু আর পাঁচজনের মতো  কল্পনাভিত্তিক খেলার সাথে সমার্থক নয়)<br><br>Has this student been observed to be detached from reality and living in an imaginative world. for example, talking to or hearing voices of imaginary friends (that is not make-believe play)? | | | | | |
| 10) * | এই শিক্ষার্থীর কি আচরণ বা ব্যক্তিত্বে খুব পরিবর্তন হয়েছে, উদাহরণস্বরূপ, ঘনঘন মারপিট করা, অস্ত্র ব্যবহার করা এবং অন্যদের খারাপভাবে আঘাত করার ইচ্ছা প্রকাশ করা।<br><br>Does this student have drastic changes in behaviour or personality, for example, fighting frequently, using weapons and expressing a desire to badly hurt him/ her or others | | | | | |

## CHRONIC NEUROLOGICAL CONDITION

This section includes disabilities caused by chronic neurological conditions. These are caused due to problems in nervous system of the person.

## ক্রনিক নিউরোলজিকাল অবস্থা

এই বিভাগে দীর্ঘস্থায়ী স্নায়বিক অবস্থার কারণে সৃষ্ট প্রতিবন্ধকতা অন্তর্ভুক্ত। এগুলি ব্যক্তির স্নায়ুতন্ত্রের সমস্যার কারণে ঘটে।

### 15. MULTIPLE SCLEROSIS

Multiple sclerosis means an inflammatory, nervous system disease in which the myelin sheaths around the axons of nerve cells of the brain and spinal cord are damaged leading to demyelination and affecting the ability of nerve cells in the brain and spinal cord to communicate with each other. (RPWD, 2016)

### 15. একাধিক স্ক্লেরোসিস / মাল্টিপল স্ক্লেরোসিস

একাধিক স্ক্লেরোসিস অর্থাৎ একটি প্রদাহজনক (inflammatory), স্নায়ুতন্ত্রের রোগ যেখানে মস্তিষ্ক এবং মেরুদন্ডের স্নায়ুকোষের অ্যাক্সনগুলির চারপাশে মাইলিনের আবরণগুলি ক্ষতিগ্রস্ত হয়। ফলে মেরুদন্ডও ক্ষতিগ্রস্ত হয় এবং মস্তিষ্ক ও মেরুদন্ডের স্নায়ুকোষগুলির একে অপরের সাথে যোগাযোগ করার ক্ষমতা নষ্ট হয়। (RPWD, 2016)

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 1) | এই শিক্ষার্থীর কি অঙ্গ-প্রত্যঙ্গে অসাড়তা বা দুর্বলতা আছে যা সাধারণত শরীরের একপাশে বা পায়ে এবং বুকে-পিঠে হয়?<br>Does this student have numbness or weakness in limbs that typically occurs on one side of the body at a time or the legs and trunk? | | | | | |
| 2) | এই শিক্ষার্থী কি ঘাড় নাড়াবার সময় কখনো কখনো ইলেকট্রিক-শকের মতো কোনো অনুভূতির সম্পর্কে অভিযোগ করে?<br>Does this student complain about electric-shock sensations that occur with certain neck movements? | | | | | |
| 3) * | এই শিক্ষার্থীর কি কাঁপুনি হয় (পেশীর ছন্দবদ্ধ সংকোচন এবং শিথিলকরণ)?<br>Does this student get tremors (rhythmic, muscle contraction and relaxation)? | | | | | |
| 4) | এই শিক্ষার্থী কি আংশিক বা সম্পূর্ণরূপে দৃষ্টিশক্তিহীনতা? সাধারণত দেখা যায়, প্রথমে একটি চোখে অসুবিধা হয় তারপর অন্য চোখে।<br>Does this student have partial or complete loss of vision, usually in one eye at a time? | | | | | |
| 5) | এই শিক্ষার্থীর দৃষ্টি কি ঝাপসা এবং অস্পষ্ট?<br>Does this student have blurry and unclear vision? | | | | | |
| 6) * | এই শিক্ষার্থীর কথা বলা কি অস্পষ্ট? (অস্পষ্ট কথা হলো শব্দের অস্পষ্ট উচ্চারণ, বিড়বিড় করা বা কথা বলার সময় গতি বা ছন্দের পরিবর্তন)<br>Does this student have slurred speech? (Slurred speech is a symptom characterized by poor pronunciation of words, mumbling, or a change in speed or rhythm during talking) | | | | | |
| 7) | এই শিক্ষার্থী কি সহজেই ক্লান্ত বা অবসন্ন হয়ে পড়ে?<br>Does this student get easily tired or fatigued? | | | | | |
| 8) | এই শিক্ষার্থীটি কি তার শরীরে পিন-এবং-সূঁচ ফোঁটার মতো উপলব্ধি হচ্ছে এমন অভিযোগ করে? বিশেষ করে তার মুখ, বাহু, পা এবং আঙ্গুলে?<br>Does this student complain about pins-and-needles sensation especially in face, arms, legs and fingers? | | | | | |

## 16. PARKINSON'S DISEASE

Parkinson's disease means a progressive disease of the nervous system marked by tremors, muscular rigidity and slow, imprecise movement, chiefly affecting middleaged and elderly people associated with degeneration of the basal ganglia of the brain and a deficiency of the neurotransmitter dopamine. (RPWD, 2016)

Parkinson's is most commonly diagnosed in people over the age of 40. Though less common, young-onset Parkinson's is diagnosed in people between the ages of 21-40. Even rarer still, juvenile Parkinson's is diagnosed in those under the age of 21. Parkinson's symptoms can actually appear in children as young as six.

Following are the early symptoms of Parkinson's disease that could be observed in children.

Juvenile Parkinsonism is difficult to diagnose because of the nature of its manifestation in this age group is always with atypical features. Juvenile Parkinsonism usually presents itself as dystonia or rigidity in lower limbs. There is complete absence of resting tremors in most of the cases. There may be jerky movements of legs while walking or during rest but not tremors. Many a times, pain may be the first clinical manifestation.

## 16. পার্কিনসন্স রোগ

পারকিনসন্স রোগ মানে স্নায়ুতন্ত্রের একটি ক্রমবর্ধমান একটি রোগ যা চিহ্নিত করা যায় কম্পন, পেশীর দৃঢ়তা এবং ধীর গতি, অবিন্যস্ত নড়াচড়া দ্বারা। প্রধানত মস্তিষ্কের বেসাল গ্যাংলিয়ার অবক্ষয় এবং নিউরোট্রান্সমিটার ডোপামিনের ঘাটতির ফলে হওয়া এই রোগটি মধ্যবয়সী এবং বয়স্কব্যক্তিদের মধ্যে দেখা যায়। (RPWD, 2016)

পারকিনসন্স সাধারণত 40 বছরের বেশি বয়সী লোকেদের মধ্যে হতে দেখা যায়। তবে খুব কমক্ষেত্রে হলেও, 21-40 বছর বয়সের ব্যক্তিদের মধ্যেও পার্কিনসন্স রোগ হতে দেখা গেছে। এমনকি এখনও বিরল হলেও, 21 বছরের কমবয়সীদের মধ্যে পারকিনসন্স রোগ নির্ণয় করা গেছে। পারকিনসনের লক্ষণগুলি আসলে ছয় বছরের কমবয়সী শিশুদের মধ্যে দেখা দিতে পারে।

পারকিনসন রোগের প্রাথমিক লক্ষণগুলি নীচে দেওয়া হলো, যা শিশুদের মধ্যে লক্ষ্য করা যায়।

শিশুদের/জুভেনাইল পারকিনসোনিজম নির্ণয় করা কঠিন কারণ এই বয়সের মধ্যে এর প্রকাশের প্রকৃতি সর্বদা অস্বাভাবিক বৈশিষ্ট্যের হয়ে থাকে। জুভেনাইল পারকিনসোনিজমে সাধারণত ডাইস্টোনিয়া বা নীচের অঙ্গে অনমনীয়তা লক্ষ্য করা যায়। বেশিরভাগ ক্ষেত্রে বিশ্রামের সময় কম্পন হতে দেখা যায় না। হাঁটার সময় বা বিশ্রামের সময় পায়ের ঝাঁকুনি হতে পারে কিন্তু কম্পন নয়। অনেক সময়, ব্যথা এই রোগের প্রথম প্রকাশ হতে পারে যা চিকিৎসাজনিত অবস্থার অন্তর্গত।

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 1) | এই শিক্ষার্থীর হাতের লেখা কি জড়ানো/আঁকাবাঁকা এবং অপেক্ষাকৃত ছোটো হরফের?<br><br>Does this student have cramped and smaller handwriting? | | | | | |
| 2) * | এই শিক্ষার্থীর কি কাঁপুনি বা ঝাঁকুনি হয়, যা সাধারণত একটি অঙ্গে, প্রায়শই হাত বা আঙুলে শুরু হয়<br><br>Does this student have tremors or shaking that usually begins in a limb, often hand or finger | | | | | |

## BLOOD DISORDERS

This section includes the disabilities caused by problems in blood or blood disorders.

## রক্তের অসুখ

এই বিভাগ রক্তের সমস্যা বা রক্তের অসুখগুলির কারণে সৃষ্ট প্রতিবন্ধকতার অন্তর্ভুক্ত।

### 17. HAEMOPHILIA

Haemophilia means an inheritable disease usually affecting only male but transmitted by women to their male child, characterized by loss or impairment of the normal clotting ability of blood so that a minor wound may result in fatal bleeding. (RPWD, 2016

### 17. হিমোফিলিয়া

হিমোফিলিয়া একটি বংশগত রোগ যা সাধারণত শুধুমাত্র পুরুষদের মধ্যে দেখা যায় কিন্তু মহিলাদের দ্বারা তাদের পুরুষ সন্তানের মধ্যে সংক্রমিত হয়। এই রোগটিতে রক্তের স্বাভাবিক জমাট বাঁধার ক্ষমতা হ্রাস পায় বা দুর্বল হয়ে যায়, যার ফলে একটি ছোট ক্ষত থেকেও মারাত্মক রক্তপাত হতে পারে। (RPWD, 2016)

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 1) * | এই শিক্ষার্থীর কি কাটা বা আঘাতের কারণে অস্বাভাবিকভাবে এবং অত্যধিক রক্তপাত হয়?<br>Does this student have unexplained and excessive bleeding from cuts or injuries? | | | | | |
| 2) | এই শিক্ষার্থীর কি অনেক বড়ো বা গভীর ক্ষত আছে?<br>Does this student have many large or deep bruises? | | | | | |
| 3) | এই শিক্ষার্থীকে কি খুব অলস/ অবসন্ন বলে মনে হয়?<br>Does this student appear to be very lethargic? | | | | | |
| 4) | এই শিক্ষার্থী কি দীর্ঘ সময় ধরে হওয়া তীব্র মাথা ব্যথার অভিযোগ করে?<br>Does this student complain of painful and prolonged headache? | | | | | |
| 5) | এই শিক্ষার্থীর কি কোনো কারণ ছাড়াই নাক, মুখ এবং মাড়ি থেকে রক্ত পড়ার প্রবণতা আছে?<br>Does this student have tendency to bleed from the nose, mouth, and gums without a known cause? | | | | | |
| 6) * | এই শিক্ষার্থীর কি টীকা দেওয়ার পরে অস্বাভাবিক রক্তপাত হয়?<br>Does this student have unusual bleeding after vaccinations? | | | | | |
| 7) | এই শিক্ষার্থীর জয়েন্ট/হাড়ের সন্ধিস্থলগুলিতে ব্যথা, ফোলাভাব বা শক্তভাব আছে?<br>Does this student have pain, swelling or tightness in joints? | | | | | |
| 8) | এই শিক্ষার্থী কি বারবার বমি করে?<br>Does this student vomit repeatedly | | | | | |

## 18. THALASSEMIA

Thalassemia means a group of inherited disorders characterised by reduced or absent amounts of haemoglobin. (RPWD, 2016)

## 18. থ্যালাসেমিয়া

থ্যালাসেমিয়া একটি বংশগতভাবে প্রাপ্ত ব্যাধি যা রক্তে হিমোগ্লোবিনের পরিমাণ কম থাকা বা হিমোগ্লোবিনের অনুপস্থিতি দ্বারা চিহ্নিত করা হয়। (RPWD, 2016)

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 1) | এই শিক্ষার্থী কি সহজেই ক্লান্ত হয়ে পড়ে?<br>Does this student get easily tired? | | | | | |
| 2) | এই শিক্ষার্থী কি অস্বাভাবিক (ব্যাখ্যাতীতভাবে) দুর্বলতার অভিযোগ করে?<br>Does this student complain of unusual (out-of- proportion) weakness? | | | | | |
| 3) | এই শিক্ষার্থীর ত্বক কি ফ্যাকাশে বা হলুদবর্ণের?<br>Does this student have pale or yellowish skin? | | | | | |
| 4) | এই শিক্ষার্থীকে কি অ্যানিমিক দেখায় বা সে রক্তশূন্য বলে মনে হয়?<br>Does this student look anaemic or affected with anaemia? | | | | | |
| 5) | এই শিক্ষার্থী কি তার প্রস্রাবের রঙ কালচে বলে অভিযোগ করে?<br>Does this student complain of dark colour of the urine? | | | | | |
| 6) * | এই শিক্ষার্থী কি প্রায়ই স্কুলে অনুপস্থিত থাকে এবং রক্ত নেওয়া (ট্রান্সফিউশণের) জন্য হাসপাতালে যায়?<br>Is this student frequently absent and visit hospital for blood transfusion | | | | | |

## 19. SICKLE CELL DISEASE

Sickle cell disease means a haemolytic disorder characterised by chronic anaemia, painful events and various complications due to associated tissue and organ damage; “haemolytic” refers to the destruction of the cell membrane of red blood cells resulting in the release of haemoglobin. (RPWD, 2016)

## 19. সিকল সেল রোগ

সিকেল সেল রোগ মানে একটি হেমোলাইটিক ডিসঅর্ডার যাতে সংশ্লিষ্ট কলা/টিস্যু এবং অঙ্গের ক্ষতির কারণে ক্রনিক অ্যানিমিয়া বা রক্তাল্পতা, তীব্র ব্যথার অনুভব এবং বিভিন্ন জটিলতা দেখা দেয়; "হেমোলাইটিক" লোহিত রক্তকণিকার কোষের ঝিল্লি নষ্ট হয়ে যাওয়া বোঝায় যার ফলে হিমোগ্লোবিন বেরিয়ে যায়। (RPWD, 2016)

| ক্রমিক সংখ্যা / S. No. | বিষয় / ITEMS | S1 | S2 | S3 | S4 | S5 |
|---|---|---|---|---|---|---|
| 1) | এই শিক্ষার্থীর কি হাতে / পায়ে/ শরীরে তীব্র ব্যথা করে / করত, যার কোনো কারণ জানা নেই?<br>Does this student have unexplained episodes of severe pain? | | | | | |
| 2) | এই শিক্ষার্থীর কি বেশিরভাগ সময় হাত বা পায়ে ফোলা ভাব থাকে?<br>Does this student have swelling in the hands or feet most of the time? | | | | | |
| 3) | এই শিক্ষার্থীর কি বেশিরভাগ সময় পেট ফুলে থাকে?<br>Does this student have abdominal swelling most of the time? | | | | | |
| 4) | এই শিক্ষার্থীর কি ঘনঘন জ্বর/সংক্রমণ হয়?<br>Does this student have fever / infections frequently? | | | | | |
| 5) * | এই শিক্ষার্থীর চামড়া বা নখ কি ফ্যাকাশে?<br>Does this student have pale skin or nails? | | | | | |
| 6) | এই শিক্ষার্থী কি বেশিরভাগ সময় ক্লান্ত বা অবসন্ন থাকে?<br>Is this student tired or fatigued most of the time? | | | | | |
| 7) | এই শিক্ষার্থীর পায়ে কি ক্ষত আছে?<br>Does this student have leg ulcers | | | | | |

## 20. MULTIPLE DISABILITIES

Multiple disabilities include deafness, blindness which means a condition in which a person may have combination of hearing and visual impairments causing severe communication, developmental, and educational problems. (RPWD, 2016)

This term is used for a person who has several disabilities at the physical, psychological or sensual (related to senses eyes, tears or any other) levels. Students may have two or more diseases or disorders such as mental retardation, brain injury, orthopaedic complications, seeing-hearing challenges, cognitive and genetic issues or such medical conditions. These students may have significant trouble in acquiring skills/information, registering in the mind and applying it timely when the demand comes up. Several common characteristics of multiple disabilities include hampered speech and communication skills, challenges in mobility, lack of sensation, physical deformities and a need for assistance in performing everyday activities.

## 20. একাধিক প্রতিবন্ধকতা

একাধিক প্রতিবন্ধকতার মধ্যে রয়েছে বধিরান্ধতা যা এমন একটি অবস্থা যেখানে একজন ব্যক্তির একই সাথে শ্রবণশক্তি এবং দৃষ্টিশক্তির প্রতিবন্ধকতা থাকতে পারে। যার ফলে বধিরান্ধতাযুক্ত ব্যক্তিটির অন্যদের সাথে যোগাযোগ, সার্বিক বিকাশ এবং শিক্ষাক্ষেত্রে গুরুতর সমস্যা সৃষ্টি হয়। (RPWD, 2016)

একাধিক প্রতিবন্ধকতাযুক্ত শব্দটি এমন একজন ব্যক্তির জন্য ব্যবহৃত হয় যার শারীরিক, মনস্তাত্ত্বিক বা ইন্দ্রিয়গত (চোখে দেখা, অশ্রুপাত বা অন্য কোনো) ক্ষেত্রে একাধিক প্রতিবন্ধকতা আছে। শিক্ষার্থীদের দুই বা ততোধিক প্রতিবন্ধকতা থাকতে পারে যেমন মানসিক প্রতিবন্ধকতা, হাঁটাচলার প্রতিবন্ধকতা, দেখা-শোনার অসুবিধা, জ্ঞান সম্বন্ধীয় এবং জিনগত সমস্যা বা এই জাতীয় চিকিৎসা সংক্রান্ত অবস্থা ( Medical conditions)। এই শিক্ষার্থীদের বিভিন্ন দক্ষতা অর্জন করতে/তথ্য সংগ্রহ করতে, সেগুলি মনে রাখতে এবং সময়মতো প্রয়োগ করতে সমস্যা হতে পারে। একাধিক প্রতিবন্ধকতার বেশ কিছু সাধারণ বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে কথা বলা এবং যোগাযোগ দক্ষতায় অসুবিধা, চলাফেরার ক্ষেত্রে অসুবিধা, সংবেদনের অভাব, শারীরিক বিকৃতি এবং দৈনন্দিন কাজকর্ম সম্পাদনের জন্য সহায়তার প্রয়োজনীয়তা।

## 21. Any other category as may be notified by the Central Government

This is a subject to provision of the Constitution. It will include any other disability whenever notified by the Central Government. (RPWD, 2016)

## 21. কেন্দ্রীয় সরকার দ্বারা অবহিত করা হতে পারে এমন অন্য কোন প্রকারের প্রতিবন্ধকতা।

প্রতিবন্ধকতার প্রকারভেদ বিষয়টি সাংবিধানিক বিধান। যখন কেন্দ্রীয় সরকার অন্য কোনো প্রতিবন্ধকতার প্রকারভেদ সম্পর্কে অবহিত করবে তখন সেটি অন্তর্ভুক্ত হবে। (RPWD, 2016)

## যেসব শিশুদের প্রতিবন্ধকতা আছে বলে সন্দেহ করা হচ্ছে / CHILDREN suspected to have DISABILITY CONDITIONS

| ক্রমিক সংখ্যা / S. No. | সম্ভাব্য প্রতিবন্ধকতা<br>Probable disability | নাম<br>Name | ক্লাস / শ্রেণী এবং বিভাগ<br>Class and section | বয়স<br>Age/ | লিঙ্গ<br>Gender | বাবার নাম / মায়ের নাম<br>Father's name/ mother's name |
|---|---|---|---|---|---|---|
| 1) | লোকোমোটর প্রতিবন্ধকতা<br>Locomotor disability | | | | | |
| 2) | কুষ্ঠ রোগ সেরে ওঠা ব্যক্তি<br>Leprosy cured person | | | | | |
| 3) | সেরিব্রাল পলসি<br>Cerebral palsy | | | | | |
| 4) | বামনত্ব<br>Dwarfism | | | | | |
| 5) | মাসকুলার ডিস্ট্রোফি বা পেশির অপুষ্টতা<br>Muscular dystrophy | | | | | |
| 6) | অ্যাসিড হামলার শিকার<br>Acid attack victims | | | | | |
| 7) | অন্ধত্ব<br>Blindness | | | | | |

## যেসব শিশুদের প্রতিবন্ধকতা আছে বলে সন্দেহ করা হচ্ছে / CHILDREN suspected to have DISABILITY CONDITIONS

| ক্রমিক সংখ্যা/ S. No. | সম্ভাব্য প্রতিবন্ধকতা Probable disability | নাম Name | ক্লাস / শ্রেণী এবং বিভাগ Class and section | বয়স Age/ | লিঙ্গ Gender | বাবার নাম / মায়ের নাম Father's name/ mother's name |
|---|---|---|---|---|---|---|
| 8) | ক্ষীণ দৃষ্টি Low vision | | | | | |
| 9) | শ্রবণ প্রতিবন্ধকতা Hearing impairment | | | | | |
| 10) | কথা বলা এবং ভাষার প্রতিবন্ধকতা/ Speech and language disability | | | | | |
| 11) | বুদ্ধিজনিত/বৌদ্ধিক প্রতিবন্ধকতা Intellectual disability | | | | | |
| 12) | নির্দিষ্ট শেখার প্রতিবন্ধকতা Specific learning disabilities | | | | | |
| 13) | অটিজম স্পেকট্রাম Autism spectrum | | | | | |
| 15) | মানসিক অসুস্থতা / Mental illness | | | | | |

## যেসব শিশুদের প্রতিবন্ধকতা আছে বলে সন্দেহ করা হচ্ছে / CHILDREN suspected to have DISABILITY CONDITIONS

| ক্রমিক সংখ্যা/ S. No. | সম্ভাব্য প্রতিবন্ধকতা Probable disability | নাম Name | ক্লাস / শ্রেণী এবং বিভাগ Class and section | বয়স Age/ | লিঙ্গ Gender | বাবার নাম / মায়ের নাম Father's name/ mother's name |
|---|---|---|---|---|---|---|
| 16) | একাধিক স্ক্লেরোসিস / Multiple sclerosis | | | | | |
| 17) | পারকিনসন রোগ / Parkinson's disease | | | | | |
| 18) | হিমোফিলিয়া/ Haemophilia | | | | | |
| 19) | থ্যালাসেমিয়া / Thalassemia | | | | | |
| 20) | সিকেল সেল রোগ/ Sickle cell disease | | | | | |
| 21) | একাধিক প্রতিবন্ধকতা / Multiple disabilities | | | | | |
| 22) | একাধিক প্রতিবন্ধকতা / Multiple disabilities | | | | | |

**যেসব শিশুদের প্রতিবন্ধকতা আছে বলে সন্দেহ করা হচ্ছে / CHILDREN suspected to have DISABILITY CONDITIONS**

| ক্রমিক সংখ্যা/ S. No. | সম্ভাব্য প্রতিবন্ধকতা Probable disability | নাম Name | ক্লাস / শ্রেণী এবং বিভাগ Class and section | বয়স Age/ | লিঙ্গ Gender | বাবার নাম / মায়ের নাম Father's name/ mother's name |
|---|---|---|---|---|---|---|
| 23) | কেন্দ্রীয় সরকারের নোটিশ অনুযায়ী অন্য কোনো বিভাগ / Any other category as may be notified by the Central Government | | | | | |

**স্কুলভিত্তিক ডেটা/তথ্য / SCHOOL WISE DATA**

স্কুলের নাম/Name of the School ____________________

অধ্যক্ষ/স্কুলপ্রধানের নাম/Name of the Principal/School Head ____________________

জেলা/District ____________________

রাজ্য /State ____________________

| ক্লাস<br>Classes | প্রাক-প্রাথমিক<br>Pre Primary | I | | II | | III | | IV | | V | | VI | | VII | | VIII | | IX | | X | | XI | | XII | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| প্রতিবন্ধকতার প্রকারভেদ<br>Types of Impairment | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | B | G | B | G | B | G | B | G | B | G | B | G | B | G | B | G | B | G | B | G | B | G | B | G |
| চলাফেরাজনিত প্রতিবন্ধকতা /<br>হাঁটা-চলার অসুবিধা<br>Locomotor Disability | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| কুষ্ঠরোগ নিরাময় হওয়া ব্যক্তি<br>Leprosy cured person | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| সেরিব্রাল পলসি<br>Cerebral palsy | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| বামনত্ব<br>Dwarfism | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| মাসকুলার ডিস্ট্রোফি বা পেশির অপুষ্টতা<br>Muscular dystrophy | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| অ্যাসিড আক্রান্ত ব্যক্তি<br>Acid attack victims | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| দৃষ্টি প্রতিবন্ধকতা<br>Blindness | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ক্ষীণ দৃষ্টি<br>Low Vision | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| শ্রবণ প্রতিবন্ধকতা<br>Hearing impairment | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| কথা বলা এবং ভাষার প্রতিবন্ধকতা<br>Speech and language disability | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| বুদ্ধিজনিত/বৌদ্ধিক প্রতিবন্ধকতা<br>Intellectual disability | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| নির্দিষ্ট বিষয় শেখার প্রতিবন্ধকতা<br>Specific learning disabilities | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| অটিজম স্পেকট্রাম<br>Autism spectrum | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

| ক্লাস<br>Classes | প্রাক-প্রাথমিক<br>Pre Primary | I | | II | | III | | IV | | V | | VI | | VII | | VIII | | IX | | X | | XI | | XII | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| প্রতিবন্ধকতার প্রকারভেদ<br>Types of Impairment | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | B | G | B | G | B | G | B | G | B | G | B | G | B | G | B | G | B | G | B | G | B | G | B | G |
| মানসিক প্রতিবন্ধকতা<br>Mental illness | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| একাধিক স্ক্লেরোসিস<br>Multiple sclerosis | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| পারকিনসন রোগ<br>Parkinson's disease | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| হিমোফিলিয়া<br>Haemophilia | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| থ্যালাসেমিয়া<br>Thalassemia | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| সিকেল সেল রোগ<br>Sickle cell disease | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| একাধিক প্রতিবন্ধকতা<br>Multiple Disabilities | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| কেন্দ্রীয় সরকারের জারি করা নোটিশ অনুযায়ী অন্য কোনো প্রতিবন্ধকতার ধরন<br>Any other category as may be notified by the Central Government | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

Total number of Students suspected with disabilities -

সম্ভবতঃ প্রতিবন্ধকতা আছে, এমন মোট শিক্ষার্থীর সংখ্যা -

Signature (with stamp) of Principal/HM

অধ্যক্ষ/প্রধান শিক্ষকের স্বাক্ষর (স্ট্যাম্পসহ)

